



১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com






মঙ্গলবার | ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৯৮ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ১৭ শ্রাবণ ১৪৩০ ॥ ১৩ মহররম ১৪৪৫ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ০১ আগস্ট ২০২৩




## হঠাৎ সুপ্রিম কোর্টে সিইসি

**নিজস্ব প্রতিবেদক :** প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকীর সাথে দেখা করতে সুপ্রিম কোর্টে গেছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কাজী হাবিবুল আউয়াল। সোমবার (৩১ জুলাই) দুপুর ১টা ২৬ মিনিটে সুপ্রিম কোর্ট আসেন তিনি। এসময় তার সাথে ছিলেন কমিশনার রাশেদা সুলতানা ও নির্বাচন কমিশনের সচিব মো. জাহাঙ্গীর আলম। এ সময় সুপ্রিম কোর্টের হাইকোর্ট



## বিএনপির উদ্দেশ্য লাশ ফেলা

**নিজস্ব প্রতিবেদক :** বিএনপির উদ্দেশ্য লাশ ফেলা বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।
তিনি বলেন, সমাবেশের পরের দিন তারা কেন অবরোধ কর্মসূচির দিল? এটা কোন ধরনের গণতন্ত্র? এটা তো নির্বাচনকে বাধাগ্রস্ত করা। তারা নির্বাচনকে বাধাগ্রস্ত করতে চাইছে।



## সংবিধানের আলোকে সুষ্ঠু নির্বাচন করতে নির্বাচন কমিশনের সক্ষমতায় বিদেশি পর্যবেক্ষকরা আশ্বস্ত

**নিজস্ব প্রতিবেদক :** তথ্যমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, 'সংবিধানের আলোকে নির্বাচন কমিশনের সুষ্ঠু নির্বাচন করার সক্ষমতা নিয়ে বিদেশি পর্যবেক্ষকরা আশ্বস্ত বলে প্রতীয়মান হয়েছে।'



## রংপুরে প্রধানমন্ত্রীর জনসভা, ৮ রুটে থাকছে বিশেষ ট্রেন

**নিজস্ব প্রতিবেদক :** আগামীকাল বুধবার (২ আগস্ট) তিনি রংপুর জিলা স্কুল মাঠে আওয়ামী লীগের বিভাগীয় জনসভায় বক্তব্য দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
প্রধানমন্ত্রীর সফরকে কেন্দ্র করে রংপুর বিভাগের ৮ জেলায় সাজ সাজ রব বিরাজ করছে। জনসভায় ১০ লাখের বেশি মানুষের সমাগম হতে পারে বলে দলীয় নেতারা প্রত্যাশা করছেন।
এদিকে সমাবেশে অংশ নিতে আগ্রহী ব্যক্তিদের যাতায়াতের সুবিধার জন্য ৮টি বিশেষ ট্রেনের ব্যবস্থা করা হয়েছে। বুধবার ভোর থেকে দুপুর পর্যন্ত এই ট্রেনগুলো রংপুরে আসবে।
বাংলাদেশ রেলওয়ে পশ্চিমাঞ্চলের

২-এর পাতায় দেখুন

# আন্দোলনে আপত্তি নেই, জ্বালাও পোড়াও সহ্য করা হবে না : প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'জনগণ যতক্ষণ আমাদের সাথে আছে কেউ আন্দোলনের নামে জ্বালাও-পোড়াও করলে আমরা সহ্য করব না। আন্দোলন-সংগ্রাম করুক, তাতে আপত্তি নাই। তবে দেশের মানুষের ভাগ্য নিয়ে কাউকে ছিনিমিনি খেলতে দেওয়া হবে না।'
গতকাল সোমবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে 'বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক-২০২৩' প্রদান অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। এসময় প্রধানমন্ত্রী প্রশাসনের দুটি প্রতিষ্ঠান ও ২৮ কর্মকর্তার হাতে পদক তুলে দেন প্রধানমন্ত্রী।



তিনি বলেছেন, 'একটু আন্দোলন-সংগ্রাম দেখে ভয় পাবেন না, ভয় পাওয়ার কিছু নেই। জনগণ যতক্ষণ আমাদের সঙ্গে আছে।
প্রধানমন্ত্রী বলেন, একটা কথা মনে রাখবেন, আমাদের মহান মুক্তিযুদ্ধে যারা আমাদের সমর্থন করেনি, তাদের মনের বৈরিতা এখনও কেটে যায়নি। কিন্তু সেটা অতিক্রম করেই কিন্তু আমরা এগিয়ে যাচ্ছি এবং বাংলাদেশ এগিয়ে যাবে। সেজন্য এই মুখ গোমড়া করে থাকা আমি দেখতে চাই না, সবাইকে হাসিখুসি দেখতে চাই। যে কেনো সমস্যা আসবে, সেটা মোকাবিলা করার মতো মনোবল দরকার হয়, শক্তি দরকার হয়। সেই শক্তি নিয়ে চললে বাংলাদেশ এগিয়ে যাবে, এটাই আমি বিশ্বাস করি।

# বিএনপির একাধিক নেতার সঙ্গে সরকারের গোপন যোগাযোগ

**নিজস্ব প্রতিবেদক :** গতকাল রাজধানীতে জ্বালাও-পোড়াও আর উৎকণ্ঠার মধ্যেও দেশবাসী রাজনীতিতে দেখেছে এক বিরাট চমকের খেলা। গতকাল রাজধানীর গাবতলীতে ঢাকা মহানগর উত্তর বিএনপির আহ্বায়ক আমানউল্লাহ আমান বিএনপির নেতাকর্মীদের নিয়ে অবস্থান কর্মসূচি পালন করেন। এ সময় একটা পর্যায় আমানউল্লাহ আমান অসুস্থ হয়ে পড়লে পুলিশ তাকে হাসপাতালে ভর্তি করেন।
আমানের অসুস্থতার কথা শুনে প্রধানমন্ত্রীর নির্দেশে তার সহকারি একান্ত সচিব-২ গাজী হাফিজুর রহমান (লিকু)



খাবার ও ফল নিয়ে বিএনপি নেতা আমানউল্লাহ আমানকে দেখতে

২-এর পাতায় দেখুন

## বিএনপির অগ্নিসংযোগ ও নৈরাজ্যের প্রতিবাদে চুয়াডাঙ্গায় আওয়ামী লীগের বিক্ষোভ সমাবেশ



**নিজস্ব প্রতিবেদক :** বিএনপির অগ্নিসংযোগ ও নৈরাজ্যের প্রতিবাদে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।
গত সোমবার বিএনপির আন্দোলনের নামে অগ্নিসংযোগ, ভাংচুর, সরকারি সম্পদ ক্ষতি সাধন ও নৈরাজ্যের প্রতিবাদে এই বিক্ষোভ সমাবেশের আয়োজন করা হয়।
উক্ত সমাবেশে জননেতা এম এ রাজ্জাক খান রাজের নেতৃত্বে এক বিশাল মিছিল যোগ করায় সভাটি জনস্রোতে পরিণত হয় এবং এরপর সমাবেশটি বিশাল মিছিলে রুপান্তরিত হয়।
বিএনপি-জামায়াতের যে কোনো ধরনের নৈরাজ্যের প্রতিবাদে আওয়ামী লীগ সর্বদা সক্রিয়। দেশে ও দেশের মানুষের ক্ষতি করে কোন রাজনৈতিক কার্যকলাপ সম্পাদন

২-এর পাতায় দেখুন

## গয়েশ্বরকে খাওয়ানো নিয়ে যা বললেন ওবায়দুল কাদের

**নিজস্ব প্রতিবেদক :** রাজধানীর ধোলাইখালে প্রবেশমুখে বিএনপির অবস্থান কর্মসূচিতে পুলিশের মারধরের শিকার হয়েছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়। ওইদিন মারধরের পর তাকে গাড়িতে তুলে ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা বিভাগের (ডিবি) কার্যালয়ে তুলে নিয়ে যায় আইনশৃঙ্খলা বাহিনী। সেখানে গিয়ে গয়েশ্বর গোয়েন্দা পুলিশ প্রধান হারুন অর রশিদের আপ্যায়ন গ্রহণ করেন। পরে আপ্যায়নের সেই ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে
ছড়িয়ে পড়ে। আপ্যায়ন করে সেই ছবি ও ভিডিও ছড়িয়ে দেওয়ার ঘটনায় ক্ষোভ প্রকাশ করেছেন গয়েশ্বর রায়।

## শৈলকুপায় বঙ্গবন্ধু-বঙ্গমাতা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে দোহারো সরকারী প্রাথমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন

**চঞ্চল মাহমুদ, শৈলকুপা :** ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলায় অনুষ্ঠিত বঙ্গবন্ধু-বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টে দোহারো সরকারী প্রাথমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন হয়েছে। সোমবার দুপুরে দেবতলা প্রথমিক সরকারি প্রাথমিক বিদ্যালয় বনাম দোহারো প্রাথমিক বিদ্যালয় দুই বিদ্যালযয়ের শিক্ষার্থীদের নিয়ে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। খেলা শেষে বিজয়ীদের হাতে পুরুষ্কার তুলে দেন প্রধান অতিথি ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, বীর মুক্তিযোদ্ধা ,সাবেক প্রতিমন্ত্রী ও ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই। উপজেলা নির্বাহী অফিসার



রাজিয়া আক্তার চৌধুরী এর সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান এম হাকিম আহমেদ, উপজেলা আওয়ামী লীগের সভাপতি মতিয়ার রহমান বিশ্বাস, জেলা ছাত্রলীগের সভাপতি সজিব হোসেন।

## আলমডাঙ্গায় খাদ্য গুদামের ২ কর্মকর্তা নিহত হয়েছে

**আমডাঙ্গা প্রতিনিধি :** আলমডাঙ্গায় খাদ্য গুদামের ২ কর্মকর্তা নিহত হয়েছে। নিহতরা হলেন চুয়াডাঙ্গা সদর উপজেলার খাদ্য গুদাম কর্মকর্তা নজরুল ইসলাম (৫৮) ও খাদ্য উপ-পরিদর্শক সাইদুর রহমান (৩৫) । চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার কুলপালা গ্রামে চুয়াডাঙ্গা-মেহেরেপুর সড়কে দ্রুতগতির প্রাইভেটকার ও মোটরসাইকেলের মুখোমুখী সংঘর্ষে এ দুর্ঘটনা ঘটে।
চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা শামিম ভুঁইয়া জানান, নিহত দু'খাদ্য কর্মকর্তার বাড়ী মেহেরপুর জেলায় হওয়ায় অফিসের কাজ শেষে অনুমতি নিয়ে তারা মোটরসাইকেলে চেপে বাড়ী

২-এর পাতায় দেখুন


এই আমার দেশ দৈনিক Daily Eai Amar Desh www.eaiamardesh.com e-paper.eaiamardesh.com ০১ আগস্ট ২০২৩




## শৈলকুপায় পারিবারিক কলহের জেরে স্ত্রীকে কুপিয়ে হত্যা

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের শৈলকুপায় পারিবারিক কলহের জের ধরে স্ত্রীকে কুপিয়ে হত্যার অভিযোগ উঠেছে স্বামীর বিরুদ্ধে। রোববার রাত ১২ টার দিকে উপজেলার পদমদি গ্রামে এ ঘটনা ঘটে। নিহত নাজমা খাতুন (৪০) ওই গ্রমের মৃত ইজাহার শেখের মেয়ে ও পার্শবর্তী চর ত্রিবেনী গ্রমের রইচ উদ্দিনের স্ত্রী। স্বামীর সাথে বনিবনা না

২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহে বিএনপির জনসমাবেশ অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিবেদক :** ২৯ জুলাই ঢাকার প্রবেশ পথে বিএনপি ঘোষিত অবস্থান কর্মসূচীতে বাঁধা ও হামলার প্রতিবাদে ঝিনাইদহে জনসমাবেশ অনুষ্ঠিত হয়েছে। জেলা বিএনপির আয়োজনে সোমবার সকালে শহরের কবি সুকান্ত সড়কের ফ্যামেলি জোন এলাকায় জেলা বিএনপির আয়োজনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে ঝিনাইদহ জেলা বিএনপির ছাড়াও ৬ উপজেলা ও পৌর বিএনপির নেতাকর্মীরা অংশ নেয়। সেসময় বিএনপির খুলনা বিভাগীয় যুগ্ম সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার




কুন্ডু, জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ, সাধারণ সম্পাদক

২-এর পাতায় দেখুন

## কৃষি জমি বিল-২০২২ সংশোধিত আকারে সংসদে উত্থাপনের সিদ্ধান্ত

**নিজস্ব প্রতিবেদক :** একাদশ জাতীয় সংসদের বেসরকারি সদস্যদের বিল এবং বেসরকারি সদস্যদের সিদ্ধান্ত-প্রস্তাব সম্পর্কিত কমিটির নবম বৈঠক অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার কমিটির সভাপতি মো. আবদুল মজিদ খানের সভাপতিত্বে সংসদ ভবনে এ বৈঠক হয়। কমিটির সদস্য মো. মোসলেম উদ্দিন, রওশন আরা মান্নান, গ্লোরিয়া ঝর্ণা সরকার এবং আবিদা আনজুম মিতা বৈঠকে অংশ নেন। বৈঠকে বিলের উপর বিস্তারিত আলোচনা শেষে কৃষি জমি (যথাযথ ব্যবহার ও সংরক্ষণ) বিল, ২০২২ পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সংশোধিত,

২-এর পাতায় দেখুন




## আলমডাঙ্গায় স্কুল মিল্ক ফিডিং কর্মসূচির উদ্বোধন

**আলমডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের আয়োজনে এবং প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের সহযোগিতায় স্কুল মিল্ক ফিডিং কর্মসূচির (পাইলট প্রোগ্রাম) উদ্বোধন করেছেন বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ( ছেলুন ) এমপি।সোমবার সকাল সাড়ে এগোরটায় আলমডাঙ্গা উপজেলার কালিদাসপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়

২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহ জেলা জাতীয় শ্রমিক লীগের পুর্নাঙ্গ কমিটি ঘোষনা

### সভাপতি আঃ হান্নান, সাধারন সম্পাদক আজিজুল

**নিজস্ব প্রতিবদেক :** ঝিনাইদহ জেলা জাতীয় শ্রমিক লীগের কমিটি ঘোষনা করা হয়েছে। কেন্দ্রীয় জাতীয় শ্রমিক লীগের ভারপ্রাপ্ত সভাপতি নুর কূতবুল মান্নান ও সাধারন সম্পাদক আলহাজ্ব কেএম আযম খসরু স্বাক্ষরিত ৭১ সদস্য বিশিষ্ট কমিটির আনুষ্ঠানিকভাবে





ঘোষনা দেন। ঝিনাইদহ জেলা জাতীয় শ্রমিক লীগের সভাপতি হন মোঃ আঃ হান্নান ও সাধারন সম্পাদক মোঃ আজিজুল ইসলাম। এছাড়া সহ-সভাপতি মনোনীত হয়েছেন দাউদ হোসেন, আনু মন্ডল, ওলিয়ার রহমান খান, শাহীন বিশ্বাস, খোরশেদ

২-এর পাতায় দেখুন







## জীবননগরে যুব উদ্যোক্তাদের সম্মাননা প্রদান

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার জীবননগরে যুব উদ্যোক্তাদের সম্মাননা স্মারক প্রদান করা হয়েছে। সোমবার সকাল ১১টায় জীবননগর ইয়ুথ এসেম্বলির আয়োজনে উপজেলা হলরুমে এই সম্মাননা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর। ইয়ুথ এসেম্বলির সভাপতি মিথুন মাহমুদের সভাপতিত্বে ও ওয়েভ ফাউন্ডেশনের কর্মকর্তা আব্দুল আলীম সজলের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ বক্তা ছিলেন জেসিআই-এর পরিচালক মুনতাসির আজগার আকাশ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, জীবননগর পৌর মেয়র রফিকুল ইসলাম, সাবেক

২-এর পাতায় দেখুন



## স্বামীরা জুয়া ও মদের নেশায় বুদ, স্ত্রীরা প্রবাসীদের সাথে প্রতারণায় লিপ্ত

**এম. মাসুম আজাদ :** জীবন ও জীবিকার তাগিদে মানুষ কতই না পেশাতে নিয়োজিত হয়। কিন্তু ঝিনাইদহের একটি গ্রামের প্রায় অর্ধ শতাধিক পরিবারের মহিলারা নিয়োজিত অনলাইনে প্রবাসীদের প্রেমের ফাঁদে ফাঁসিয়ে লক্ষ লক্ষ টাকা হাতিয়ে নেওয়া যেন নতুন একটা পেশা। আর সেই সকল মহিলাদের স্বামীরা দিন রাত জুয়া ও মদের নেশায় বুদ হয়ে আছে।
ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার

২-এর পাতায় দেখুন

## বনপাড়ায় মিনিস্টার-মাইওয়ান গ্রুপের শো-রুম উদ্বোধন

**নিজস্ব প্রতিবেদক :** সম্প্রতি নাটোরের বনপাড়া পৌরসভায় দেশীয় ইলেক্ট্রনিক্স কোম্পানি মিনিস্টার - মাইওয়ান গ্রুপের মেগা শো-রুমের উদ্বোধন করা হয়েছে। বনপাড়া পৌরসভার মানুষজন এখন সুলভ মূল্যে কিনতে পারবেন মিনিস্টারের ফ্রিজ, এসি, টিভিসহ সকল প্রকার হোম এপ্লায়েন্স পণ্য। উদ্বোধনী অনুষ্ঠানটির প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নাটোরের বনপাড়া পৌরস-ভার মেয়র জনাব কে এম জাকির হোসেন । বিশেষ অতিথি ছিলেন মিনিস্টার গ্রুপের শো-রুম বিভাগের ডিরেক্টর মোঃ রফিকুল ইসলাম লিটন। প্রধান

২-এর পাতায় দেখুন




নাটোরের বনপাড়া পৌরসভার মেয়র জনাব কে এম জাকির হোসেন ফিতা কেটে মিনিস্টারের নতুন শো-রুম উদ্বোধন করেন




চুয়াডাঙ্গা জেলার প্রথম দৈনিক "দৈনিক মাথাভাঙ্গা"
ঝিনাইদহ জেলার প্রথম দৈনিক "দৈনিক ঝিনাইদহ"
এবং "দৈনিক অধিবেশন" পত্রিকার
অন্যতম প্রতিষ্ঠাতা
জাতীয় দৈনিক মুক্তকণ্ঠ", "দৈনিক মানবকণ্ঠ", Times world, HelloToday
পত্রিকার শীর্ষ পদে একদা দায়িত্ব পালনকারী সাংবাদিক-সম্পাদক

আলী কদর পলাশ সম্পাদিত

দৈনিক এই আমার দেশ Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com
দৈনিক গড়ব বাংলাদেশ একসাথে গড়ব দেশ

নিয়মিত পড়ুন এবং বিজ্ঞাপন দিন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh    e-paper.eaiamardesh.com    www.eaiamardesh.com

মঙ্গলবার ০১ আগস্ট ২০২৩

# মোংলা বন্দরে যুক্ত হচ্ছে আধুনিক ৬ জলযান




**নিজস্ব প্রতিবেদক :** মোংলা বন্দরের সক্ষমতার বৃদ্ধির ধারাবাহিকতায় এবার যুক্ত হচ্ছে আধুনিক মানের ছয়টি জলযান। বন্দরের কাজের সুবিধার জন্য ৭৬৭ কোটি টাকা ব্যয়ে কেনা হচ্ছে এসব জলযান। ছয়টি জলযানের মধ্যে এ বছরের শেষে বন্দরে আসবে হংকংয়ের চিউলি শিপইয়ার্ডে নির্মিত দুটি টাগবোট। বাকি চারটি জলযান আসবে আগামী বছরের জুনে। তবে সেগুলো বাংলাদেশে তৈরি হচ্ছে। এর মধ্যে সার্স অ্যান্ড রেসকিউ ভ্যাসেল তৈরি হচ্ছে খুলনা শিপইয়ার্ডে, আর বাকি তিনটি তৈরি হচ্ছে নারায়াণগঞ্জের কর্ণফুলী শিপইয়ার্ডে। মোংলা বন্দর কর্তৃপক্ষের প্রধান প্রকৌশলী (মেরিন) কমান্ডার মোমেন উল্লাহ মোহাম্মদ জিয়াউল ইসলামএই তথ্য জানান। বলেন, আপগ্রেডেশন অব মোংলা পোর্ট শীর্ষক প্রকল্পের আওতায় জলযানগুলো কেনা হচ্ছে। আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে এ কাজের পরামর্শক নিয়োগ দেওয়া হয়েছে। ছয়টি জলযান হচ্ছে- একটি পাইলট মাদার ভ্যাসেল, দুটি টাগবোট, একটি সার্স অ্যান্ড রেসকিউ ভ্যাসেল (উদ্ধারকারী জাহাজ), একটি সার্ভে অ্যান্ড রিসার্স ভ্যাসেল এবং একটি বয়লিং ভ্যাসেল। এর মধ্যে পাইলট মাদার ভ্যাসেল নির্মাণে ব্যয় হচ্ছে ১৯১ কোটি ২৮ লাখ টাকায়। এ জাহাজটি বন্দরে যুক্ত হলে মাদার ভ্যাসেল থেকে পাইলট ও বিদেশি নাবিকদের ২-এর পাতায় দেখুন

## মশক নিধনে ৪২ কোটি টাকা ব্যয় করবে ডিএসসিসি

**নিজস্ব প্রতিবেদক :** মশা নিধনে এবার প্রায় ৪২ কোটি ২৫ লাখ টাকা বরাদ্দ রেখেছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন (ডিএসসিসি)। নিধন কার্যক্রমে কীটনাশক, পরিচালনা, যন্ত্রপাতি কেনা, ডেঙ্গু মোকাবিলা, পরিচ্ছন্নতা কার্যক্রমে এ অর্থ ব্যয় করা হবে। গতকাল সোমবার নগর ভবনে মেয়র হানিফ অডিটোরিয়ামে এক সংবাদ সম্মেলনে ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেট ঘোষণা করেন ডিএসসিসি মেয়র ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস। এ সময় বাজেটের পরিচালন ব্যয় উল্লেখ করার সময় মশা নিধনের জন্য এ ব্যয়ের কথা জানান তিনি। ঢাকা দক্ষিণ সিটির গত ২০২২-২৩ অর্থবছরের বাজেটে মশক নিয়ন্ত্রণ বাবদ মোট ৩১ কোটি ৭ লাখ টাকা ব্যয় করে। গত অর্থবছরের তুলনায় এবারের বরাদ্দ ১১ কোটি ১৮ লাখ টাকা বেশি। বাজেট বক্তৃতায় মশা নিধন কার্যক্রম নিয়ে মেয়র বলেন, ঢাকাবাসীর জীবনযাত্রায় মশক বিশেষত এডিস মশার বিস্তার অন্যতম এক প্রতিবন্ধকতা। তাই, দায়িত্বভার গ্রহণের পর মশক নিয়ন্ত্রণ কার্যক্রম ও ব্যবস্থাপনায় আমরা আমূল পরিবর্তন এনেছি। শুরু করা হয়েছে বছরব্যাপী সমন্বিত মশক নিয়ন্ত্রণ কার্যক্রম। নতুন এই কার্যক্রমের আওতায় পর্যাপ্ত লোকবল নিয়োগ, মানসম্পন্ন কীটনাশক ও প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় ও মাঠ পর্যায়ে সরবরাহ নিশ্চিত করা হচ্ছে। তিনি বলেন, ডেঙ্গু রোগ প্রতিরোধ ২-এর পাতায় দেখুন

# ড. এস এম মাহফুজুর রহমান দ্বিতীয় মেয়াদে জনতা ব্যাংকের চেয়ারম্যান



**নিজস্ব প্রতিবেদক :** জনতা ব্যাংকের চেয়ারম্যান হিসেবে দ্বিতীয় মেয়াদে পুনঃনিয়োগ পেয়েছেন ড. এস. এম. মাহফুজুর রহমান। অর্থ মন্ত্রণালয়ের সম্প্রতি জারিকৃত এক প্রজ্ঞাপনের মাধ্যমে চলতি দায়িত্বের মেয়াদপূর্তির পর আগামী তিন বছরের জন্য তাকে নিয়োগ দেয়া হয়।

ড. এস. এম. মাহফুজুর রহমান বিজিএমইএ ফ্যাশন অ্যান্ড টেকনোলজি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করে আসছেন। তাছাড়া তিনি বাংলাদেশ এশিয়াটিক সোসাইটির আজীবন সদস্য, কাউন্সিল মেম্বার, প্রাক্তন সাধারণ সম্পাদক এবং বর্তমানে তৃতীয় মেয়াদে ট্রেজারার হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগে কর্মজীবন শুরু করেন এবং একই বিভাগে ২-এর পাতায় দেখুন

## বাগেরহাটে প্রাচীর ভেঙ্গে জমি দখলের অভিযোগ, থানায় মামলা

**বাগেরহাট প্রতিনিধি :** বাগেরহাট সদর উপজেলার ডেমা এলাকায় গাছ কেটে এবং সীমানা প্রাচীর ভেঙ্গে জমি দখলের অভিযোগ উঠেছে প্রতিপক্ষের বিরুদ্ধে। জমি দখলের নেওয়ার জন্য দফায় দফায় হামলা ও মারপিটেরও ঘটনা ঘটেছে বলে দাবি ভুক্তভোগী পরিবারের। প্রতিপক্ষের হামলায় আপন দুই ভাই আহত হয়েছেন। এ ঘটনায় ক্ষতিগ্রস্থ মোঃ এসকেন্দার আলী ৭ জনের নাম উল্লেখ করে বাগেরহাট মডেল থানায় মামলা দায়ের করেছেন।

মামলা সূত্রে জানা যায়, ডেমা ইউনিয়নের ডেমা মৌজার ৭৯৪ নং খতিয়ানে মোঃ এসকেন্দার আলী ও তার ভাইদের ৩শতক জমি রয়েছে। ওই জমির চারপাশে সীমানা প্রাচীর নির্মান করে এবং গাছপালা লাগিয়ে তারা দীর্ঘদিন ধরে ভোগদখল করে আসছে। কিন্তু গেল ২০ জুলাই ওই জমি দাবী করে একই এলাকার আনসার উদ্দিন পাইকের ছেলে জাহিদুল কবির টুকু, জাফর আলী পাইক এর ছেলে আলাউদ্দিন ২-এর পাতায় দেখুন

## যশোর কেন্দ্রীয় কারাগারে সাজাপ্রাপ্ত আসামির মৃত্যু

**এস আর নিরব, যশোর :** যশোর কেন্দ্রীয় কারাগারে তোরাব আলী সেখ (৫৭) নামে একজন যাবজ্জীবন সাজাপ্রাপ্ত কয়েদী (৩৮৯১/ এ) আসামির মৃত্যু হয়েছে। রবিবার রাত ১টা ৪০ মিনিটে যশোর জেনারেল হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক তাকে ঘোষণা করেন। নিহত ব্যক্তি-মাগুরা জেলার শ্রীপুর উপজেলার খড়িবাড়িয়া গ্রামের ইব্রাহিম শেখের ছেলে। জেল ২-এর পাতায় দেখুন




## তরুণ কলাম লেখক ফোরামের সভাপতি মাহদী, সম্পাদক ওয়ালিউল্লাহ

**মোতালেব বিশ্বাস, ইবি :** তরুণ লেখকদের সংগঠন বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরামের ২০২৩-২৪ কার্যবর্ষের কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়েছে। এতে সভাপতি মনোনীত হয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মাহদী হাসান মজুমদার এবং সাধারণ সম্পাদক হয়েছেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী এস. এ. এইচ. ওয়ালিউল্লাহ । সোমবার সংগঠনটি অনলাইনে ২০২৩-২৪ সেশনের কমিটি ঘোষণার অনুষ্ঠান আয়োজন করে। উক্ত অনুষ্ঠানে কমিটি ঘোষণা করেন ২-এর পাতায় দেখুন

## বাগেরহাটে অধ্যক্ষের বাড়িতে হামলার অভিযোগ

**বাগেরহাট প্রতিনিধি :** বাগেরহাট বহুমুখী কলেজিয়েট স্কুল এর অধ্যক্ষ মোসাঃ ফারহানা আক্তারের বাড়ীতে হামলার ঘটনা ঘটেছে। এঘটনায় ফারহানা আক্তার বাগেরহাট মডেল থানায় একটি সাধারন ডায়রী করেছেন।

ফারহানা আক্তার জানান, গত ২৮ জুলাই শুক্রবার রাত দুইটার দিকে বাড়িতে বিকট শব্দ হয়। বিকট শব্দে ঘুম ভেঙ্গে গেলে দেখি আমার স্বামী যে রুমে ঘুমিয়েছে তার জানালার গ্লাস ভেঙ্গে গেছে। জানালা গ্লাস এমন ভাবে ভেঙ্গে পড়েছে যে তিনি অল্পের জন্য প্রানে বেচে যান। গত মাসে আমার মৃত দেবরের বাসায় অগ্নি সংযোগ ঘটানো হয়। সিটি ক্যামেরার ফুটেজে দুইটি ঘটনারই তথ্য রয়েছে। তিনি আরো জানান, আমি ২-এর পাতায় দেখুন

# মেহেরপুরে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে প্রস্তুতি সভা




**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুরে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে জেলা প্রশাসকের আয়োজনে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে জেলা প্রশাসক শামীম হোসেনের সভাপতিত্বে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক শামীম হোসেন, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) কাদির মিয়া, অতিরিক্ত পুলিশ সুপার কামরুল আহসান, জেলা পরিষদের সাবেক প্রশাসক অ্যাডভোকেট মিয়াজান আলী, গাংনী পৌরসভার মেয়র আহমদ আলী, জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও পিরোজপুর ইউপি চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, জেলা গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক প্রমুখ। সভায় মেহেরপুর জেলার বিভিন্ন সরকারি ও বেসরকারি অফিসের কর্মকর্তা, রাজনৈতিক দলের নেতৃবৃন্দ ও বিভিন্ন সংগঠনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।




## মহাসড়ক সংস্কার করার সময় ট্রাকের ধাক্কায় প্রাণ গেল শ্রমিকের

**বাগেরহাট প্রতিনিধি :** বাগেরহাটের ফকিরহাট উপজেলার পিলজংগ এলাকায় খুলনা-ঢাকা সহাসড়কের সংস্কারের কাজ করার সময় ট্রাকের ধাক্কায় প্রাণ গেল সজিব শেখ (১৭) নামে এক শ্রমিকের। মহাসড়ক চলছিল সংস্কারের কাজ এসময় শ্রমিক সজিব শেখ সিগনাল দিচ্ছিল আর ট্রাকের ধাক্কায় গেল প্রাণ। নিহত সজিব পাইকগাছার উপজেলার কপিলমুনি এলাকার রুস্তম আলীর ছেলে। এসময় আটক করা হয়.ট্রাকসহ চালক রুহুল আমীনকে। মোল্লাহাট হাউওয়ে থানা পুলিশের সার্জেন্ট ২-এর পাতায় দেখুন

# লালমনিরহাটে নাগরিক সংগঠনের প্রতিনিধিদের সাথে ফলোআপ সভা



**রশিদুল ইসলাম রিপন, নিজস্ব প্রতিবেদক :** কিশোর কিশোরীদের যৌন ও প্রজনন স্বাস্থ্য এবং অধিকার নিশ্চিত করার লক্ষ্যে ব্র্যাকের সামাজিক ক্ষমতায়ন এবং আইনি সুরক্ষা কর্মসূচি (সেল্প)'র অধিকার এখানে, এখনই প্রকল্পের উদ্যোগে সোমবার ( ৩১ জুলাই)লালমনিরহাটে প্রকল্পের বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথে কাজের ধারাবাহিকতায় যুব জনগোষ্ঠীর যৌন ও প্রজনন স্বাস্থ্য, জেন্ডার, যুব নেতৃত্ব এবং ইয়ুথ-এ্যাডাল্ট অংশীদারিত্বে নাগরিক সংগঠনসমূহ একসাথে কাজ করে সমন্বিত যৌনতা শিক্ষা ও যুব জনগোষ্ঠীর যৌন ও প্রজনন স্বাস্থ্য সেবায় প্রবেশাধিকার নিশ্চিত করতে ফলোআপ সভা অনুষ্ঠিত হয়।

লালমনিরহাটে মাটির মায়ার সভা কক্ষে আয়োজিত নাগরিক সংগঠনের প্রতিনিধিদের সাথে ফলোআপ ২-এর পাতায় দেখুন



## বাগেরহাটে গাজা-হিরোইন জব্দ ২ মাদক কারবারীর কারাদন্ড

**শিহাব উদ্দীন রুবেল, বাগেরহাট :** বাগেরহাটের রামপালে এক কেজি ১০ গ্রাম গাজা এবং ৩ গ্রাম হিরো্ইনসহ মোঃ রাজ্জাক খা (৩১) ও শেখ নূরুল ইসলাম (৪১) নামের দুই মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে। সোমবার (৩১ জুলাই) দুপুরে ভ্রাম্যমান আদালত বসিয়ে মোঃ রাজ্জাক খাকে ১ বছর ১০ মাস এবং শেখ নূরুল ইসলামকে ১ বছর ৬ মাসের ২-এর পাতায় দেখুন

# এমপিত্ব চাইনা শেখ হাসিনার পদত্যাগ চাই : সাবেক সাংসদ মাসুদ অরুন



**মেহেরাব হোসেন অপি:** মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন বলেছেন এমপি হতে চাইনা শেখ হাসিনার পদত্যাগ চাই। এমপি,মন্ত্রী অনেক হয়েছে, অনেক হওয়া যাবে, এখন সময় এসেছে বিএনপির সকল নেতৃবৃন্দের এক হওয়ার। আমি আহ্বান জানাই বিএনপির সকল নেতাকর্মী এক হয়ে রাজপথে নামবে। ক্ষমতাসীন দলকে উদ্দেশ্য করে তিনি বলেন, কমিশনের টাকা খেয়ে যারা আপনাদের ডিএসবি, এনএসআই, গোয়েন্দা সংস্থা দিয়ে খোঁজ নিয়ে দেখুন দিনের আলোয় ভোট হলে আওয়ামী লীগ শতকরা ১০% ভোটও পাবে না। আজকের এই সমাবেশে আমি আপনাদের ভয় দেখাতে চাই না, কারণ আমি জানি প্রদীপ নিভে যাওয়ার আগে একবার দপ করে জ্বলে ওঠে। আমরা শুধু বলতে চাই ঘরে বসে ২-এর পাতায় দেখুন

## হরিণাকুন্ডুতে টিকাদান কর্মীকে কুপিয়ে জখম

**আবু সাইদ, হলিনাকুন্ডু :** ঝিনাইদহের হরিণাকুন্ডুতে টিকাদান কর্মী আজিজ মালিতাকে কুপিয়ে কুপিয়ে গুরুতর জখম করার করেছে। আজিজ মালিতা উপজেলার রামচন্দ্রপুর গ্রামের মৃত: বাবর মালিতার ছেলে। এ ঘটনায় একই গ্রামের মইনুল সুলতান ওরফে বিদেশী সোহেলসহ ৫/৬ জনকে আসামী করে হরিণাকুন্ডু থানায় মামলা করেছেন আহত্তর স্ত্রী পারুলা খাতুন।

এজহারের সুত্র ও এলাকাবাসীর তথ্যসুত্রে জানা গেছে, সোমবার সকালে ২-এর পাতায় দেখুন

## মহেশপুরে সিএনজি-লাটাহাম্বা সংঘর্ষে মাদ্রাসা শিক্ষক নিহত,আহত ১



**মো ঃ আজাদ, মহেশপুর :** অফিসের কাজ শেষ করে সিএনজি যোগে বাড়ী যাওয়ার সময় সিএনজি ও লাটাহাম্বার মুখোমুখি সংঘর্ষে শিক্ষক নজিবুর রহমান (৫৬) নিহত হয়েছে। এ সময় গুরুতর ভাবে আহত হয়েছে ইমরাম হোসেন (২৭) নামের এক ব্যাক্তি। আহত ইমরাম হোসেনকে ঢাকায় রেফার্ড করা হয়েছে। ঘটনাটি ঘটেছে সোমবার বিকাল ৪টার দিকে ঝিনাইদহের মহেশপুর উপজেলার ভৈরবা তেল পাম্পের সামনে।

এলাকাবাসী জানান, সোমবার বিকাল ৪টার দিকে উপজেলার ভৈরবা তেল পাম্পের সামনে মহেশপুর থেকে ছেড়ে যাওয়া ২-এর পাতায় দেখুন

# কালীগঞ্জে পুত্রবধূকে আত্মহত্যা করতে বাধ্য করার অভিযোগে সংবাদ সম্মেলন




**বাদশা ফরহাদ, কালীগঞ্জে :** ঝিনাইদহের কালীগঞ্জে পুত্রবধূকে আত্মহত্যা করতে বাধ্য করায় পিতার বিচার চেয়ে সংবাদ সম্মেলন করেছেন জাহানারা বেগম নামে এক নারী। জাহানারা বেগম জেলার কালীগঞ্জ উপজেলার বারোবজার ইউনিয়নের পিরোজপুর গ্রামের রবিউল ইসলামের স্ত্রী। লিখিত বক্তব্যে জাহানারা বেগম অভিযোগ করেন, আমার ছেলে মোঃ রাজিব হোসেন (২৪) ও একই ইউনিয়নের ফুলবাড়ী গ্রামের মোঃ রেজাউল ইসলাম (মাষ্টার) এর কন্যা জান্নাতুন নুর মৌমিতা (১৮) কে আমাদের অজান্তে বিয়ে করে। বিষয়টি জানাজানি হওয়ার পর ছেলে-মেয়েদের সুখের কথা চিন্তা করে সবকিছু মেনে নেওয়ার প্রস্তাব নিয়ে রেজাউল ইসলামের কাছে গেলে চরম অপমান করে ২-এর পাতায় দেখুন




## ইসলামী ব্যাংকের প্রবেশনারি অফিসারদের বুনিয়াদী প্রশিক্ষণ কর্মসূচির সমাপনী অনুষ্ঠিত

**প্রেস বিজ্ঞপ্তি :** ইসলামী ব্যাংক ট্রেনিং অ্যান্ড রিসার্চ একাডেমি (আইবিটিআরএ)'র উদ্যোগে প্রবেশনারি অফিসারদের বুনিয়াদী প্রশিক্ষণ কর্মসূচির সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। সোমবার অনুষ্ঠিত এই সমাপনী অনুষ্ঠানে ব্যাংকের ম্যানেজিং ডাইরেক্টর ও ২-এর পাতায় দেখুন



## বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ফাইনাল খেলা অনুষ্ঠিত

**সরিষাবাড়ী,জামালপুর :** জামালপুরের সরিষাবাড়িতে বঙ্গবন্ধু-বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। ৩১ জুলাই সোমবার সকালে সরিষাবাড়ির গণময়দান মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়। ফাইনাল খেলায় সেংগুয়া সরকারী প্রাথমিক বিদ্যালয় ২-০ গোলে চাপারকোনা সরকারী প্রাথমিক বিদ্যালয় কে পরাজিতকরে। উপজেলা প্রশাসনের আয়োজনে খেলায় প্রধান অতিথির ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।**। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

## দিনেদিনে বাড়ছে বেকার সংখ্যা, সমাধান কি নেই?

দেশে বাড়ছে সাক্ষরতার হার, যা এখন প্রায় ৭৫ শতাংশ। এটা অবশ্যই একটি গর্বের বিষয়। কিন্তু সেই সঙ্গে বাড়ছে বেকারত্বের হারও। ছোট্ট স্বাধীন এই দেশের কয়েকটি সমস্যার মধ্যে অন্যতম একটা সমস্যা হলো বেকারত্ব। বাংলাদেশের মোট জনসংখ্যার এক-তৃতীয়াংশই তরুণ। এ দেশের কর্মসংস্থানেও তারুণ্যের ভূমিকা রয়েছে অসামান্য। কিন্তু তাও ক্রমেই বেড়ে যাচ্ছে বেকারের সংখ্যা। ১০ বছর আগে এদেশে প্রায় ১২ লাখ মানুষ বেকার ছিল। কিন্তু বর্তমান দ্বিগুণ হয়ে বেকার জনসংখ্যা দাঁড়িয়েছে প্রায় ২৭ লাখে। এদেশের শিক্ষিত জনগোষ্ঠীর কমপক্ষে ৭০%-এর হাতে প্রত্যাশিত পেশা বা বৃত্তি নেই। দিন দিন এ অবস্থা আরও চরম আকার ধারণ করছে। বর্তমানে সমস্যা এত প্রকট হয়ে দাঁড়িয়েছে যে এশিয়া মহাদেশের মধ্যে আমাদের দেশ দ্বিতীয় স্থানে। ফারসি উপসর্গ 'বে' আবার ফারসি শব্দ 'কার' যুক্ত হয়ে 'বেকার' শব্দটি তৈরি হয়েছে। 'বে' অর্থ হীন আর কার অর্থ কর্ম, অর্থাৎ বেকার অর্থ কর্মহীন। অর্থনীতির পরিভাষায় সেই বেকার, যে কাজ করার যোগ্যতা ও ইচ্ছা থাকা সত্ত্বেও কর্মসংস্থান বা কাজের সুযোগ পায় না। দেশে বেকার সমস্যার মুল কারণ হলো জনসংখ্যার সঙ্গে সঙ্গে পর্যাপ্ত চাকরিদাতা কিংবা শিল্পপ্রতিষ্ঠানের অভাব। এই বেকারত্ব যেকোনো দেশের জন্য অভিশাপ স্বরূপ। আর সে দেশ যদি হয় উন্নয়নশীল তাহলে তার প্রভাব হয় অতি ভয়ংকর। দেশের যুব সমাজের বড় একটি অংশ বেকার। এর মধ্যে শিক্ষিত বেকার বেশি। দীর্ঘ দিন বেকার থাকার ফলে তার ভিতর হতাশার সৃষ্টি হয়। আর কেউ কেউ এই হতাশা থেকে বের হতে গিয়ে ভুল পদক্ষেপ নিয়ে ফেলে। অনেকে নিজেকে অসামাজিক ও খারাপ কাজে জড়িয়ে ফেলে। ফলে সমাজে বিশৃঙ্খলা ও অন্যায় বেড়ে যায়। তাই বেকারত্ব ঘোচাতে এখনি সময় এগিয়ে আসার। এ দেশে কর্মমুখী শিক্ষার খুব অভাব। কর্মমুখী শিক্ষা বাস্তবায়ন করতে হবে। কলেজ, বিশ্ববিদ্যালয়ে কর্মসংস্থান পদ অনুযায়ী ভর্তি করাতে হবে। কার্যকরী শিক্ষা দিতে হবে। সরকারকে যুবকদের যোগ্যতা সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। দেশে শিল্প-কলকারখানা স্থাপন করে বিদেশি বিনিয়োগ বৃদ্ধি করে কর্মসংস্থান সৃষ্টি করতে হবে। বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার ওপর অধিক গুরুত্ব দিতে হবে। বড়, মাঝারি ও ক্ষুদ্র ক্ষুদ্র শিল্পকারখানা গড়ে তুলে দক্ষ, অদক্ষ তরুণ-তরুণীদের সেখানে কাজে লাগাতে হবে। যুবকদের চাকরির মানসিকতা পরিহার করে আত্মকর্মসংস্থানমূলক কাজের প্রতি উদ্বুদ্ধ করতে হবে। দেশে কৃষি ব্যবস্থার উপর গুরুত্ব আরোপ করতে হবে। লক্ষ লক্ষ বাংলাদেশি শ্রমিক বিদেশে কর্মরত থেকে প্রচুর বৈদেশিক মুদ্রা বা রেমিটেন্স পাঠাচ্ছে। সুষ্ঠু পরিকল্পনা ও উদ্যোগ গ্রহণ করা গেলে এক্ষেত্রে আরও অধিক সংখ্যক মানুষের কর্মসংস্থানের সুযোগ তৈরি করা সম্ভব। বেকারত্ব বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নতির পথে সবচেয়ে বড়ো বাধা। তাই যুবসমাজকে বেকারত্বের অভিশাপ ও অপবাদ ঘোচাতে হলে ও জাতির কাঁধ থেকে বেকারত্বের বিশাল বোঝা নামাতে হলে সরকারকে যেমন এগিয়ে আসতে হবে, তেমনি জনগণকেও সমবেত প্রচেষ্টা চালাতে হবে। তা হলেই এই সমস্যা থেকে মুক্তি পাওয়া যাবে।

## আলমডাঙ্গায় খাদ্য গুদামের ২

যাচ্ছিল। বাড়ী যাওয়ার সময় এ দুর্ঘটনাটি ঘটে। তিনি আরো জানান, সোমবার লাশের ময়না তদন্ত করে দাফনের জন্য তাদের স্বজনদের কাছে দিয়ে দেয়া হবে। আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার নাথ জানান, সুরতহাল শেষে ঘটনাস্থল থেকে মরদেহ দুটি উদ্ধার করে রাতে সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।

## বিএনপির অগ্নিসংযোগ ও নৈরাজ্যের

করা এই দেশে সম্ভব নয়। বাংলাদেশ আওয়ামী লীগ দেশের মানুষের কল্যাণে সবসময় কাজ করে যাচ্ছে এবং সাধারণ মানুষও যে আওয়ামী লীগকে পূর্ণ সমর্থন করে তারই বহিঃপ্রকাশ আজকের এই জনস্রোত।
এসকল বিষয়কে উল্লেখ করে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন এমপি মহোদয় বলেন, 'বিএনপি জামাতের সকল ষড়যন্ত্র রুখতে চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ সর্বদা প্রস্তুত'।
এ সময় মিনিস্টার-মাই ওয়ান গ্রুপের চেয়ারম্যান এফবিসিসিআই এর ভাইস প্রেসিডেন্ট, কেন্দ্রীয় আওয়ামী লীগের অর্থ ও পরিকল্পনা উপকমিটির সম্মানিত সদস্য এম এ রাজ্জাক খান রাজ সিআইপি, নেতাজুড়ের প্রতিবাদের মাধ্যমে দেশের মানুষের জন্য তিনি ও তার দল সর্বদা কাজ করে যাচ্ছে উল্লেখ করে বলেন, 'আপনারা জানেন জননেত্রী শেখ হাসিনার সরকার বাংলাদেশ আওয়ামী লীগ বিগত ৩ বারের ক্ষমতায় কি পরিমাণ উন্নয়নমূলক কাজ করেছেন, কতগুলো মেগা প্রজেক্ট বাস্তবায়ন করেছেন, স্বনির্ভর বাংলাদেশ গড়ার মূল কারিগর তিনি। তাই বাংলাদেশের জনগণ কখনোই চাইবে না ওই স্বাধীনতার অপশক্তি জামাত-বিএনপি ক্ষমতায় আসুক। সুতরাং তারা যতই ষড়যন্ত্র করুক না কেন বাংলাদেশের জনগণ তাদেরকে প্রতিহত করার জন্য সব সময় প্রস্তুত রয়েছে। যখনই নির্বাচনের সময় হয় তখনই এই স্বাধীনতার অপশক্তি জামাত-বিএনপি আন্দোলনের নামে জনগণের জানমাল নিয়ে ছিনিমিনি খেলে কিন্তু আমরা তা কখনোই আর বরদাস্ত করবো না। আমরা, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগ সর্বদা প্রস্তুত জামায়াত-বিএনপিকে প্রতিহত করার জন্য'।

## শৈলকুপায় পারিবারিক কলহের

হওয়ায় দুই সন্তান নিয়ে বাবার বাড়িতে থাকতো নাজমা খাতুন। তার স্বামী রইচ উদ্দিন দ্বিতীয় বিয়ে করে ত্রিবেনী গ্রামে থাকতেন।
নিহত নাজমার ছোট ভাইয়ের স্ত্রী চম্পা খাতুন বলেন, আমরা ঘুমিয়ে গিয়েছিলাম। হঠাৎ চিৎকার চেচামেচিতে উঠে দেখি আমার ননদ নাজমার রক্তাক্ত দেহ বিছানার উপর পড়ে আছে। পরে পুলিশকে খবর দিলে লাশ টি উদ্ধার করে নিয়ে যায়। শৈলকুপা থানার ওসি আমিনুল ইসলাম বলেন, রাতে উপজেলার পদমদী গ্রাম থেকে নাজমা খাতুনের গলা কাটা মৃত দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। ধারণা করা হচ্ছে তার স্বামী তাকে হত্যা করে পালিয়ে গেছে। তাকে গ্রেফতারের জন্য আমরা অভিযান চালাচ্ছি।

## ঝিনাইদহে বিএনপির জনসমাবেশ

জাহিদুজ্জামান মনা, জেলা বিএনপির সিনিয়র যুগ্ম-সাধারন সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাসসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।
সেসময় বক্তারা বলেন, সেপ্টেম্বরের মধ্যে বর্তমান সরকারকে পদত্যাগে বাধ্য করা হবে। এজন্য বিএনপির এক দফা আন্দোলনে নেতাকর্মীদের আরও ঐক্যবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানান তারা।

## আলমডাঙ্গায় স্কুল মিল্ক ফিডিং

মাঠে স্কুল মিল্ক ফিডিং কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও উপজেলা প্রশাসনের আয়োজনে এবং প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের সহযোগিতায় স্কুল মিল্ক ফিডিং কর্মসূচির (পাইলট প্রোগ্রাম) উদ্বোধনী অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) ও সহকারী কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি ও ১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার। এসময় তিনি বলেন - আমাদের দেশে পুষ্টির অভাবে অনেক বাচ্চা প্রতিবন্ধী, বুদ্ধি প্রতিবন্ধী হয়ে থাকে, পুষ্টির অভাবে মেধাশূন্য হয়, তাহলে জাতি মেধা শূন্য হয়ে পরবে, সেকারণেই মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্কুল মিল্ক ফিডিং কর্মসূচি চালু করেছেন,দুধ শরীরের পুষ্টির ঘাটতি পূরণ করে,আমাদের সকলকে নিয়মিত দুধ খাইতে হবে।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহমেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু,উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মকর্তা হাদী জিয়া উদ্দিন আহমেদ, প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ আব্দুল্লাহিল কাফি,উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবু মুছা,সাধারণ সম্পাদক ইয়াকুব আলী,পৌর আওয়ামী লীগের সভাপতি মেহেবুব হোসেন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার শামসুজ্জোহা,কালিদাসপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক,সহকারী শিক্ষক ও ছাত্র ছাত্রী প্রমুখ উপস্থিত ছিলেন।

## জীবননগরে যুব উদ্যোক্তাদের

পৌর মেয়র জাহাঙ্গীর আলম, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকি, জীবননগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী মাহবুবর রহমান বাবু, সাধারণ সম্পাদক কাজী শামসুর রহমান চঞ্চল, উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল হান্নান, মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, রায়পুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মির্জা তাহাজ্জত হোসেন, কেডিকে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খায়রুল বাসার শিপলু, সীমান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিল্টন মোল্লা, উথলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোবারক সোহেল আহম্মেদ প্রদীপ প্রমুখ। অনুষ্ঠানে ৩৫০ জন যুব সদস্য উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে উপজেলার ৫ জন সফল যুব উদ্যোক্তাকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়।

## ঝিনাইদহ জেলা জাতীয় শ্রমিক

আলম, মাসুদ রানা, হানিফ সরকার,টিপু সুলতান, খলিরলুর রহমান, খাইরুল ইসলাম, মোঃ হেলাল উদ্দিন, রোকন উদ্দীন, মাসুদুর রহমান,যুগ্ম-সাধারন সম্পাদক মোঃ জাহাঙ্গীর আলম সাগর, মোঃ আব্দুল মতিন, আশরাফুজ্জামান খোকন, মোঃ খাইরুল ইসলাম, মোঃ আব্দুল মালেক,মোঃ সোনা মিয়া, মোঃ মনোয়ার হোসেন, আবিদ হাসান মিস্টার, মোঃ আঃ মান্নান, আঃ হান্নানসহ অন্যান্যরা। ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, বীর মুক্তিযোদ্ধা ,সাবেক প্রতিমন্ত্রী ও ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই জেলা শ্রমিক লীগের নবনির্বাচিত কমিটির সদস্যদের শুভেচ্ছা জানান।

## স্বামীরা জুয়া ও মদের নেশায় বুদ

পৌরসভার ৮ নং ওয়ার্ডের কাশীপুর গ্রামেই ঘটছে নিয়মিত ভাবে এই রকম ঘটনা। এই গ্রামের অনেক পরিবারের মেয়েরা অনলাইনে, ইউটিউবে, ফেসবুক পেইজে প্রবাসীদের উদ্দেশ্যে আবেগময় ভিডিও বানিয়ে ছাড়েন,আর সেই ভিডিও দেখে সুদূর প্রবাসে থাকা বাংলাদেশের হাজার হাজার প্রবাসীর ভাইয়েরা ফাঁদে পা দেন। তার পর থেকেই শুরু হয় বিভিন্ন কৌশলে টাকা হতিয়ে নেবার ধান্দা। সাংবাদিকদের দীর্ঘ অনুসন্ধানে বের হয়ে এসেছে অধিকাংশ মেয়েদের নাম পরিচয়।
জানা যায়। কাশিপুরের আদরী- স্বামী, মামুন মিয়া। কাজল পিতা,মৃত জয়নাল মিয়া। শিউলি-স্বামী রাজু মিয়া। বৈশাখি- স্বামী সাজু মিয়া। আসমিনা স্বামী, কবির মিয়া। রুমা স্বামী, বকুল মিয়া শিউলি - স্বামী, সাইদুল মিয়া। মৌসু-মি স্বামী, হাসমত। খাদিজা স্বামী-উজ্জল মিয়া। আসরা,পিতা মৃত জালাল। মালনছি- স্বামী হানিফ মিয়া। সুমি -স্বামী কামাল। রুনু বেগম,-স্বামী উজির আলী যাদের আবেগময় ভিডিও ঘুরছে অনলাইনে বিভিন্ন ইউটিউব চ্যানেল ও ফেসবুক পেইজে। যেখানে এই সকল মেয়েদের ফোন নাম্বার দেওয়া থাকে এবং অধিকাংশ মেয়েদের স্বামী সন্তান থাকার পরেও ভিডিওতে তারা বলছেন কেউ স্বামী পরিত্যক্তা বা অবিবাহিত ও দরিদ্র পরিবারে। এদের আবেগময়ী ভিডিও দেখে সুদূর প্রবাসীরা তাদের ফাঁদে পা দিয়ে লক্ষ লক্ষ টাকা হারাচ্ছেন। অনেকে প্রবাস থেকে এসে এখানে যেয়ে পড়ছেন নানান ঝামেলায়। যদিও এই সকল মেয়েরা কিছুদিন আগেও ছিলেন কাশিপুর বেদেপল্লীর বস্তিতে কিন্তু প্রতারণার এই আলাদিনের চেরাগ রাতারাতিই তাদের দালান ও ফ্ল্যাট বাড়িতে উঠিয়েছেন। যদিও তাদের প্রকাশ্য কোনোই উপার্জনের মাধ্যম দেখাতে পারবে না। তাদের মূল পেশা প্রতারণা।
মালয়েশিয়া প্রবাসী আজিজুর রহমান জানান, তার নিকট থেকে প্রায় ১০ লক্ষ টাকা হাতিয়ে নিয়েছেন প্রতারক চক্র। অভিযোগ করেন কুয়েত প্রবাসী মিজানুর রহমান, অভিযোগ করেন সৌদি আরব প্রবাসী সাদেক মোল্লা, তাদের একটাই অভিযোগ মোবাইলে প্রেমের সম্পর্ক গড়ে লক্ষ লক্ষ টাকা হাতিয়ে নিয়েছেন অপরিচিত ছদ্মবেশী মেয়েরা। এদের স্বামী ও আত্মীয় স্বজনেরা নিয়মিত কাশিপুর বেদে পল্লীর ভেতরে খেলছেন জুয়া আর মদ গাজার নেশায় বুদ হয়ে থাকছে। প্রতারণা ও প্রকাশ্যে জুয়া খেলা নেশা করার বিষয়টি অত্র এলাকার প্রায় সবাই জানেন, কিন্তু ভয়ে কেউই মুখ খুলতে পারেন না।
অনুসন্ধানে জানা যায় প্রকাশ্যে জুয়ার আসর চালাচ্ছে : রাসেল, পিতা মৃত খলিল মিয়া, (যার নামে এখনো একটি ধর্ষণ মামলা চলমান)। আমল পিতা সাদেক আলী। ইয়ার আলী পিতা মৃত হুজুর আলী। আলমগীর পিতা মোহাম্মদ আলী। ফিরোজ পিতা মিরজুল। মনি পিতা মৃত ছামেদ আলী এছাড়াও জুয়া খেলার বোর্ডে নিয়মিত থাকেন হাসিন,রাজু, সাজু,সোহেল, হাকিম যারা নিয়মিত জুয়া খেলা ও মদ গাজার নেশায় বুদ হয়ে থাকেন।
কালীগঞ্জ পৌরসভার কাশিপুরের সাধারণ জনগণের অভিযোগ এই সকল অপকর্ম দেখতে দেখতে গ্রামের ভালো মেয়েরাও নষ্ট হয়ে যাচ্ছে, তারা ধীরে ধীরে প্রতারণার পথ বেছে নিচ্ছে। সমাজের মধ্যে প্রকাশ্যে অসামাজিক প্রতারণা ও জুয়া মদের নেশা চলছে হরদম অথচ এই সকল বিষয়ে খোঁজ রাখেন না কালীগঞ্জ প্রশাসন। অনতিবিলম্বে এই সকল প্রতারক মেয়েদের ও তাদের স্বামীদেরকে চিহ্নিত করে গ্রেফতার করে যথাযথ আইনি পদক্ষেপ গ্রহণ করার জোর দাবি স্থানীয় সুশীল সমাজের মানুষের।

## বনপাড়ায় মিনিস্টার-মাইওয়ান

অতিথির বক্তব্যে কে এম জাকির হোসেন উল্লেখ করেন যে, বনপাড়া পৌরস-ভা একটি ব্যবসা বান্ধব পৌরসভা। এখানে ব্যবসায়ীরা নির্বিঘ্নে ব্যবসা করে। কোনরকম চাঁদাবাজি অথবা অনৈতিক কর্মকাণ্ড তিনি শক্ত হাতে প্রতিহত করেন। তিনি আরও উল্লেখ করেন, মিনিস্টার পরিবারকে তিনি সর্বাত্মকভাবে ব্যবসায়িক সহযোগিতা প্রদান করবেন এবং প্রতি পদক্ষেপে সহযোগিতার হাত বাড়িয়ে দিবেন। বিশেষ অতিথির বক্তব্যে মোঃ রফিকুল ইসলাম লিটন বলেন- 'ঘরে ঘরে মিনিস্টারের কোয়ালিটি ফুল পণ্য পৌঁছে দিতে মিনিস্টার অবিরাম কাজ করে যাচ্ছে। সকল শ্রেণীর মানুষই যাতে অত্যন্ত সুলভ মূল্যে আধুনিক ফ্রিজ, টিভি, এসি ও নানাবিধ হোম এপ্ল্যায়েন্স পণ্য দিয়ে তাদের ঘর মনের মতো করে সাজাতে পারে, আমরা তাই প্রতিটি ইউনিয়নে ইউনিয়নে নিয়ে আসছি মিনিস্টারের শো-রুম'।
উদ্বোধনী অনুষ্ঠানে কোম্পানির ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, বিশিষ্ট ব্যবসায়ী, সাংবাদিক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।
এছাড়াও ক্রেতা সাধারণের জন্য পণ্য ক্রয়ের উপর রয়েছে বিশেষ ছাড় ও নানান রকম আকর্ষণীয় অফার। সর্বশেষ সকল অফারের তথ্য জানতে ভিজিট করুন মিনিস্টার ওয়েবসাইটে
https://ministerbd.com/
হটলাইনঃ ০৯৬০৬ ৭০০ ৭০০ / ০৯৬০৬ ৭০০ ৭০০

## ড. এস এম মাহফুজুর রহমান

অধ্যাপক ও চেয়ারম্যান হিসেবে কাজ করার পর ২০০৮ সালে ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেন ও ২০১৮ সালে অবসর গ্রহণ করেন। তিনি রূপালী ব্যাংক লিমিটেডের পরিচালক এবং ইনভেস্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করেন। তিনি একজন খ্যাতনামা গবেষক। গবেষণামূলক কাজে অস্ট্রেলিয়া, চায়না, জার্মানী, ইন্দোনেশিয়া, জাপান, কুয়েত, মালয়েশিয়া, নেপাল, থাইল্যান্ড, ইউএই, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, রাশিয়ায় অনুষ্ঠিত সেমিনার এবং ওয়ার্কশপে তিনি সক্রিয় অংশগ্রহণ করেন। এছায়া তিনি বাংলাদেশের সরকারি ও বেসরকারি সংস্থাগুলোর পাশাপাশি ইউনেস্কো, ইউনিসেফ, ইউএনডিপি, এডিবি এবং বিশ্বব্যাংকের মতো আন্তর্জাতিক সংস্থার পরামর্শদাতা হিসেবেও কাজ করেছেন।

## যশোর কেন্দ্রীয় কারাগারে সাজাপ্রাপ্ত

সুপার সুরাইয়া আক্তার জানান, মাগুরা জেলা দায়রা জজ আদালত একটি হত্যা মামলায় তোরাব আলীকে ২০০৫ সালের ৩০ জানুয়ারি যাবজ্জীবন কারাদন্ডের আদেশ দেন। এরপর থেকে দেরে বিভিন্ন কারাগারে ছিলো তোরাব আলী। ২০২০ সালে ১৬ নভেম্বর যশোর কেন্দ্রীয় কারাগারে আসে। তার শারীরিক অবস্থা খুব একটা খারাপ ছিলো না। রবিবার দিবাগত রাত ১টা ২৫মিনিটে হঠাৎ তার শারীরিক অবস্থা খারাপ দেখা দেয়। এ অবস্থায় তাকে যশোর জেনারেল হাসপাতালে পাঠানো হয়। হাসপাতালে যাওয়ার পরে তার মৃত্যু ঘটে। এ বিষয়ে জানতে চাইলে হাসপাতালে জরুরি বিভাগের ডাক্তার আসিফ মোহাম্মদ আল হাসান বলেন, হাসপাতালে আনার আগেই তোরাব আলীর মৃত্যু হয়েছে। ময়নাতদন্তের রিপোর্ট আসলে মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে।

## বাগেরহাটে প্রাচীর ভেঙ্গে জমি

বাচ্চুসহ ২০-২২ জন লোহার রড, শাবল, কুড়াল, হাতুড়িসহ বিভিন্ন অস্ত্র নিয়ে জমিতে প্রবেশ করে। তারা ১৭৫ ফুট সীমানা প্রাচীর ভেঙ্গে ২ লক্ষ টাকার ক্ষতি করে এবং বেশকিছু গাছ কেটে ফেলে। এসময় মোঃ এসকেন্দার আলী'র চাচা নওশের আলী পাইক বাধা প্রদান করলে তারা তাকে খুন জখমের হুমকি দেয়। বিষয়টি ৯৯৯ এ কল করে জানালে পুলিশ ঘটনাস্থলে এসে জাহিদুল কবির টুকু পাইক, মুরাদ খান এবং কবির শেখকে আটক করে থানায় নিয়ে যায়। পরবর্তীতে খবর পেয়ে মোঃ এসকেন্দার আলী ও তার ভাই এস এম এনামুল কবির বাড়িতে আসেন। ২৩ জুলাই জাহিদুল কবির টুকুর নেতৃত্বে আবারও ওই জমি দখলের চেষ্টা করে। তখন বাঁধা দিলে জাহিদুল কবির টুকুসহ অন্যরা মোঃ এসকেন্দার আলী ও তার ভাই এস এম এনামুল কবিরকে মারধর করে। এদিনও বেশকিছু গাছ কেটে অন্তত ৭২ হাজার টাকার ক্ষতি করে জাহিদুল কবির টুকু ও তার লোকজন। ক্ষতিগ্রস্থ মোঃ এসকেন্দার আলী বলেন, পৈত্রিক সূত্রে প্রাপ্ত জমি আমার শান্তিপূর্ণভাবেই ভোগ দখল করে আসছি। জাহিদুল কবির টুকু ও তার লোকজন আমাদের জমি জোরপূর্বক দখল করার জন্য পায়তারা করছে। তারা আদালতে একটি ১৪৪ ধারার আবেদনও করেছিল। আদালত তাদেরকে দেওয়ানি মামলা করতে বলেছেন, এরপরেও তারা জোরপূর্বক আমাদের জমি দখলের চেষ্টা করে। আমাদেরকে মারধর করেছে। সীমানা প্রাচীর ভেঙ্গে ফেলেছে এবং গাছ কেটে আমার বিপুল অংকের টাকার ক্ষতিসাধাণ করেছে। তিনি আরো বলেন, আলাউদ্দিন বাচ্চু সেনা সদস্য হওয়ায় সে নিজের প্রভাব খাটিয়ে প্রায়ই আমাদের হুমকি ধামকি ও মারথর করে। এখন সে মামলার জামিনে বের হয়ে আবারো আমাদের হুমকি ধামকি দিয়ে যাচ্ছে। আমি এর সঠিক বিচার চাই।
এবিষয়ে কথা বলার জন্য জাহিদুল কবির টুকুকে বারবার ফোন করা হলেও, তার ফোনটি বন্ধ পাওয়া যায়। তবে ওই জমি নিজেদের দাবি করে জাহিদুল কবির টুকু পাইকের স্ত্রী মনিরা আক্তার বলেন, জমিটি এক সময় সুলতান আলীর ছেলেরা ওয়াল নির্মাণ করে, গাছ লাগিয়ে খড়কুটো রেখে ভোগ দখল করতো। এই জমি এখন আমাদের তাই আমরা দখলে নিয়েছি।
বাগেরহাট মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কেএম আজিজুল ইসলাম বলেন, একটি মামলা হয়েছে। পুলিশ ঘটনাস্থল পরিদর্শণ করেছে। আসামীদের গ্রেপ্তার করতে পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।

## মহাসড়ক সংস্কার করার সময় ট্রাকের

মোঃ কামরুজ্জামান জানায়, সেকালে দিকে খুলনা-ঢাকা মহাসড়কের ফকিরহাট উপজেলার পিলজংগ এলাকায় অন্য শ্রমিকদের সঙ্গে সজিব শেখ মহাসড়কে সংস্কারের কাজ করছিল। এমন সময় দ্রুত গতিতে আসা খুলনাগামী একটি মালবাহী ট্রাক সজিবকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। ঘটনাস্থলে নিহত হন সজিব। খবর পেয়ে ফকিরহাট মডেল খানা পুলিশ ও হাইওয়ে থানা পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে মরদেহ উদ্ধার করে। ট্রাকসহ চালককে আটক করা হয়েছে। আইনি প্রক্রিয়া শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

## বাগেরহাটে অধ্যক্ষের বাড়িতে

একটি স্বনামধন্য প্রতিষ্ঠানের অধ্যক্ষের দায়িত্ব পালন করছি। কোন একটি বিশেষ মহল আমাকে ভয়ভীতিসহ নানাবিধভাবে হেনস্থা করবার চেষ্টা চালাচ্ছে। বর্তমানে তার পরিবারের সকলের জানমালসহ নিরাপত্তাহীনতায় ভূগছেন বলে দাবী করেন। এ বিষয়ে বাগেরহাট সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কে এম আজিজুল ইসলাম বলেন, বিষয়টি জানতে পেরে পুলিশ ঘটনাস্থলে পরিদর্শন করে আলামত সংগ্রহ করেছে। বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

## তরুণ কলাম লেখক ফোরামের

ফোরামের উপদেষ্টা ফয়সাল আহাম্মদ। পরবর্তীতে এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এ কমিটির অনুমোদন দেন সংগঠনটির উপদেষ্টা মারজুকা রায়না এবং মোঃ ফয়সাল আহাম্মদ। বিজ্ঞপ্তিতে আগামী ৭ কার্যদিবসের মধ্যে পূর্ণাঙ্গ কমিটি গঠনের কথা বলা হয়েছ।
প্রসঙ্গত, সংগঠনটির ৫ম প্রতিষ্ঠাবার্ষিকী ও ১ম লেখক সম্মেলন অনুষ্ঠিত হয় গত ২৪ জুলাই। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রমেশ চন্দ্র মজুমদার মিলনায়তনে সারাদেশের সদস্যদের নিয়ে বড়সড় প্রোগ্রামের আয়োজন অনুষ্ঠিত হয়।
নবনির্বাচিত সভাপতি মাহদী হাসান মজুমদার বলেন, সর্বপ্রথম শুকরিয়া জানাই মহান রবের প্রতি যিনি আমাকে এমন একটি বড় দায়িত্বের সুযোগ করে দিয়েছেন । সংগঠনের খুটিনাটি জানা থাকায় দক্ষতার সাথে দায়িত্ব পালন করতে পারবো বলে আশা রাখছি। সংগঠন সংশ্লিষ্ট সকলকে নিয়ে এগিয়ে যেতে চাই। সকলের সহযোগিতায় সংগঠনকে আগের চেয়ে ভালো জায়গায় রেখে যেতে পারবো বলে প্রত্যাশা করছি।
সাধারণ সম্পাদক এ এইচ ওয়ালিউল্লাহ বলেন, বাংলাদেশ তরুণ কলাম লেখক ফোরাম আমাকে কেন্দ্রীয় কার্যনির্বাহী পর্ষদের সাধারণ সম্পাদক নির্বাচিত করায় কেন্দ্রীয় নির্বাহী পর্ষদের প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। আশা করছি সকলের ঐক্যবদ্ধ প্রচেষ্টা ও সহযোগিতায় একদল দক্ষ ও সৃষ্টিশীল লেখক তৈরিতে পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে আমরা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবো।

## লালমনিরহাটে নাগরিক সংগঠনের

সভায় প্রধান অতিথি ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার জান্নাতআরা ফেরদৌসি। বিশেষ অতিথি ছিলেন তারুণ্যের আলো যুব কল্যাণ সংস্থার উপদেষ্টা অধ্যক্ষ মো: এন্তাজুর রহমান।
অংশগ্রহণকারী নাগরিক সংগঠনের প্রতিনিধি ও ইয়ুথদের উদ্দেশ্যে উপজেলা নির্বাহী অফিসার বলেন,ব্র্যাকসহ আপনারা যারা একদম গ্রাম পর্যায় যৌন প্রজনন স্বাস্থ্য, বাল্য বিবাহ বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করেন আপনাদের অনে ধয্যশীল হতে হবে। যৌন প্রজনন স্বাস্থ্য বিষয়টি খুব স্পর্শকাতর তাই আপনারা যখন গ্রামের মানুষের সাথে কথা বলবেন অনেকে হয়তো সহচে এই বিষয়টি গ্রহণ করতে পারবেনা। আপনাদের অনেক ধয্যের সাথে বোঝাতে হবে। যৌন শিক্ষা যৌনতা শেখায় না বরং সুস্থ্য থাকতে সহায়তা করে। আপনারা খেয়াল করে দেখবেন বর্তমান সময়ে রেফ বেরেছে। বাবা মায়েরা দুজনই চাকরি করে আমাদেও সন্তানেরা বাড়িতেও নিরপদ না। শিশুরা আত্মিয় স্বজনদারা নির্যাতিত হচ্ছে। তাই আমাদের সন্তানদের ছোট থেকে গুডটাছ ব্যাডটাছ কি তা জানাতে হবে। তাহলে তারা ছোট থেকে সচেতন থাকবে।
আপনাদের যদি কোথাও কাজ করতে গিয়ে কখনও আমাদের সহযোগীতা প্রয়োজন হয় উপজেলা নির্বাহী অফিসারের ফোন নাম্বার পোর্টালে দেয়া আছে আপনারা যোগাযোগ করবেন আমরা সর্বাতক সহযেগীতা করবো।
সভায় শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন ব্র্যাক জেলা সমন্বয়কারী মো: আশরাফুল আলম । যুবদের স্বেচ্ছাসেবীদের সমস্যা ও সম্ভাবনা নিয়ে আলোচনা করেন জেলা যুব সদস্য শহিদ ইসলাম সুজন। বাংলাদেশের প্রেক্ষাপট ও এসআরএইচআর, প্রকল্পের পরিচিতি প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য,প্রকল্পের প্রত্যাশিত ফলাফল,আজকের সভার উদ্দেশ্য এবং জেন্ডার বৈচিত্রময় জনগোষ্ঠীর সামাজিক অর্ন্তভুক্তিকরণ এবং বয়:সন্ধিকালের স্বাস্থ্য সুরক্ষা ও আমার করনীয় বিষয়ে উপস্থাপন করেন ব্র্যাক অধিকার এখানে, এখনই (আরএইচআরএন২) প্রকল্পের এরিয়া কো-অর্ডিনেটর মাধুরী সূত্রধর। বক্তব্য রাখেন জেলা যুব সঞ্চালক দিপংকর রায়। সভাপতিত্ব করেন ৫নং গ্রুপ লিডার ফাইজা আমিন সাবা। সঞ্চালনা করেন জেলা যুব সদস্য মো: জামাল হোসেন।
সভায় রিসোর্স পারসনদের বক্তব্যে যুব প্রতিনিধিগণের মধ্যে দক্ষতা বৃদ্ধি পেয়েছে এবং কাজের ক্ষেত্রে উৎসাহী হয়েছেন। এর ফলে গ্রুপ ওয়ার্কের মাধ্যমে নতুন নতুন উদ্যোগ গ্রহণ এবং বাস্তবায়ন কৌশল নির্ধারণ ও কর্ম-পরিকল্পনা তৈরি সহজ হয়েছে।
যৌন ও প্রজনন স্বাস্থ্য বিষয়ে নাগরিক সংগঠনের প্রতিনিধিদের নিয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অনুষ্ঠিত ফলোআপ সভায় অংশগ্রহণকারী সকলের উদ্যোগের ফলে শিক্ষা প্রতিষ্ঠানেও এ বিষয়ে আলোচনার সহায়ক পরিবেশ তৈরি হবে এবং জেন্ডার বৈচিত্রময় জনগোষ্ঠীর সামাজিক অর্ন্তভুক্তিকরণ এবং বয়:সন্ধিকালের স্বাস্থ্য সুরক্ষায় কাজ করবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।
যুব প্রতিনিধিগণ তাদের বক্তব্যে বলেন যে, আমরা আমাদের প্রকল্পের উদ্দেশ্য বাস্তবায়নে অগ্রণী ভ'মিকা পালন করব। জেলা পর্যায়ের এই সভায় জেলার ৬টি ইয়ুথ গ্রুপের সদস্যসহ মোট ৩৫ জন প্রতিনিধি অংশগ্রহন করেন।

## বাগেরহাটে গাজা-হিরোইন জব্দ

কারাদন্ড দেওয়া হয়। রামপাল উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শেখ সালাউদ্দীন দিপু ভ্রাম্যমান আদালতের বিচারক হিসেবে এই আদেশ প্রদান করেন। এর আগে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বাগেরহাট কার্যালয়ের সদস্যরা রামপাল উপজেলার পারগোবিন্দপুর ও রনসেন এলাকায় পৃথক অভিযান চালিয়ে এদেরকে আটক করে। এদের মধ্যে মো. রাজ্জাক খাঁ'র কাছ থেকে এক কেজি ১'শ গ্রাম গাজা এবং শেখ নূরুল ইসলামের কাছ থেকে ৮২টি পুরিয়ায় ৩ গ্রাম হিরোইন উদ্ধার করা হয়েছে।
দন্ডাদেশ প্রাপ্ত মো. রাজ্জাক খাঁ রামপাল উপজেলার পারগোবিন্দপুর গ্রামের মো. লিয়াকত আলী খাঁর ছেলে এবং শেখ নূরুল ইসলাম একই উপজেলার রণসেন গ্রামের শেখ আতিয়ার রহমানের ছেলে। দন্ডপ্রাপ্ত ২ আসামীদেরকে রামপাল থানা পুলিশের মাধ্যমে বাগেরহাট কারাগারে প্রেরণ করে।
ভ্রাম্যমান আদালতের বিচারক সহকারী কমিশনার (ভূমি) শেখ সালাউদ্দীন দিপু বলেন, ভ্রাম্যমান আদালতে ২ মাদক কারবারীকে পৃথকভাবে কারাদন্ড প্রদান করা হয়েছে। তাদেরকে কারাগারে প্রেরণ করা হয়েছে।

## এমপিত্ব চাইনা শেখ হাসিনার

বিএনপির বিরুদ্ধে ষড়যন্ত্র করছেন, একটা জিনিস শুধু মনে রাখবেন যদি রাস্তায় নামতে বাধ্য করেন, যদি হাজার হাজার মানুষ নিয়ে রাস্তায় নামি, যারা আমার মানুষকে কষ্ট দিচ্ছেন, ষড়যন্ত্র করছেন লুটপাট করেছেন, আমি বলছি তাদের সকলের বাড়ি ঘর ঘেরাও করে সকল অপরাধের হিসাব নেব। তিনি আরো বলেন মেহেরপুর কে শান্ত থাকতে দিন, মেহেরপুরকে অশান্ত করলে কি হবে আপনাদের ডিএসবি, এনএসআই দিয়ে খোঁজ নিয়ে দেখুন শতকরা ১০টা ভোট নৌকার আছে কিনা। মাসুদ অরুন বলেন আমাদের সকল নেতা আজকে ঐক্যবদ্ধ হচ্ছি, প্রতিদিন আমাদের ঐক্য বাড়ছে, আর আপনারা হালুয়া রুটি ভাগ করতে যেয়ে দলকে সাত ভাগে ভাগ করে ফেলেছেন। মেহেরপুর জেলা বিএনপি আয়োজিত জনসমাবেশে সভাপতির বক্তব্যে এসব কথা বলেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন। গত ২৯ শে জুলাই ঢাকার প্রবেশপথে বিএনপি ঘোষিত শান্তিপূর্ণ অবস্থান কর্মসূচিতে পুলিশ ও আওয়ামী লীগের সন্ত্রাসীদের আক্রমণ, হামলা, নির্যাতন ও গণ গ্রেপ্তারের প্রতিবাদে মেহেরপুর জেলা বিএনপির জনসমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকেলে মেহেরপুর জেলা বিএনপি কার্যালয়ের সামনে এই জনসমাবেশ অনুষ্ঠিত হয়। জনসমাবেশে মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের সভাপতিত্বে এবং মেহেরপুর পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক আমজাদ হোসেন, সহ-সভাপতি জাবেদ মাসুদ মিলটন, আব্দুর রহমান, জেলা বিএনপি যুগ্ম সম্পাদক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, মেহেরপুর জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ সহ জেলা বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দরা সেখানে বক্তব্য রাখেন। এসময় সেখানে বিএনপি ও অঙ্গ সংগঠনের হাজারো নেতাকর্মী সেখানে উপস্থিত ছিলেন।

## ইসলামী ব্যাংকের প্রবেশনারি

সিইও মুহাম্মদ মুনিরুল মওলা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। আইবিটিআরএ-এর প্রিন্সিপাল মোঃ নজরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন সিনিয়র এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট কে.এম. মুনিরুল আলম আল-মামুন। এ সময় অন্যান্যের মধ্যে সিনিয়র ভাইস প্রেসিডেন্ট আব্দুল হামিদ মিয়া ও মোহাম্মদ হাসনাইন আবিদ, ভাইস প্রেসিডেন্ট মোঃ মাহফুজুল করিম ও মোহাম্মদ রেজাউল করিম উপস্থিত ছিলেন। ১৫ দিনব্যাপী এ প্রশিক্ষণ কোর্সে ব্যাংকের ৪৬ জন অফিসার অংশগ্রহণ করেন।

## কালীগঞ্জে পুত্রবধূকে আত্মহত্যা

তাড়িয়ে দেয়। এরপর তারা মেয়ে তালাক করিয়ে নেয়। কিছুদিন পর আমার সন্তান রাজিবকে বিদেশ পাঠিয়ে দিই। আমার ছেলে বিদেশ থাকা অবস্থায় জান্নাতুন নুর মৌমিতা আবার আমার বাড়ীতে চলে আসে। তখন আমি মেয়ের বাবাকে সংবাদ দিয়ে ইউপি সদস্যের উপস্থিতিতে তুলে দিই। আমার ছেলে বিদেশে থেকে ছুটিতে বাড়ীতে আসলে মৌমিতা আমার ছেলের সাথে পালিয়ে গিয়ে আবারো বিয়ে করে। এবারো মেয়ের বাবা রেজাউল মাষ্টার ও মেয়ের বোনাই শিমুল জোরপূর্বক তালাকনামায় স্বাক্ষর করিয়ে মৌমিতাকে নিয়ে যায়। একদিন পর মেয়ে আবার আমার ছেলের সাথে পালিয়ে এসে আবার বিয়ে করে এবং প্রায় দুইমাস সংসার করে। এ সময়ে মৌমিতার গর্ভে সন্তান আসে। একপর্যায়ে মেয়ের বাবা কৌশলে মেনে নেওয়ার কথা বলে জোরপূর্বক তালাকনামায় স্বাক্ষর করে নেয় এবং মৌমিতাকে তার মতের বিরুদ্ধে অন্য ছেলের সাথে বিয়ে দেয়। নিজ স্ত্রীর বিয়ের সংবাদে রাজিব হোসেন মনের কষ্টে আবারো বিদেশ চলে যান।
এদিকে জান্নাতুন নুর (মৌমিতা) কে জোর পূর্বক বিয়ে দেওয়ায় গত ২৯ জুলাই বিষপান করে আত্মহত্যা করে। মূলত আত্মহত্যা নয় তাকে তার বাবা আত্মহত্যা করতে বাধ্য করেছে বলে দাবি করেন রাজিবের মা জাহানারা বেগম। এছাড়া মৌমিতা মারা যাওয়ার পর থেকে আমার পরিবারকে নান-ভাবে অত্যাচার নির্যাতন এবং হয়রানী করে যাচ্ছে রেজাউল মাস্টার। বর্তমানে আমরা খুবই সমস্যার মধ্যে আছি। ঠিকমত খাওয়া, ঘুম ও চলাফেরা করতে পারছি না বলেও উল্লেখ করেন জাহানারা বেগম।

## হরিণাকুন্ডুতে টিকাদান কর্মীকে

আজিজ মালিতা নিজ বাড়ি হইতে কর্মস্থল হরিণাকুন্ডু স্বাস্থ্য কমপ্লেক্সে যাওযার পথে রামচন্দ্রপুর আতিয়ার মাস্টারের বাড়ির সামনে পৌছালে আসামি সোহেলসহ আরো ৫/৬ জন তার গতিপথ আটকিয়ে তাঁকে এলোপাতাডা? কোপাতে থাকে। এসময় তাঁর চিৎকার চেঁচামেচিতে স্থানীয়রা ছুটে এলে সবাইকে সাক্ষী না দেওয়ার ভুমকি দামকি দিয়ে স্থান ত্যাগ করে বলে জানিয়েছেন, প্রতিবেশী মানুয়ার মালিতা সহ অনেকে। এসময় স্থানীয়রা আমার স্বামীর জীবন বাচাতে হরিণাকুন্ডু স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে,সেখানেও তাঁর অবস্থায় অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাকে উন্নত চিকিৎসার জন্য বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল কলেজ হাতপাতাল ফরিদপুর রেফার করেন।
এব্যাপারে হরিণাকুন্ডু থানা অফিসার ইনচার্জ আবু আজিফ জানিয়েছেন, দ্রুতই আসামীদের আইনের আওতায় আনা হবে।

## মহেশপুরে সিএনজি-লাটাহাম্বা

সিএনজির সাথে ভৈরবা থেকে ছেড়ে আসা লাটাহাম্বার মুখোমুখি সংঘর্ষ হয়। সিএনজি ও লাটাহাম্বার মুখোমুখি সংঘর্ষে মহেশপুর উপজেলার লালপুর গ্রামের হোসেন মন্ডলের ছেলে ও ভাষানপোতা-আমিননগর দাখিল মাদরাসার ভারপ্রাপ্ত সুপার নজিবুর রহমান মারা যায়। এসময় গুরুতর ভাবে আহত হয়েছে একই উপজেলার সামন্তা কটিপাড়ার আজিবর রহমানের ছেলে ইমরান হোসেন। মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসক ডাঃ মাহামুদা নার্গিস জানান, আহত ইমরান হোসেনের অবস্থা খারাপ হওয়ায় তাকে ঢাকায় রেফার্ড করা হয়েছে। মহেশপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) খন্দকার শামীম উদ্দিন ঘটনার সত্যতা নিশ্চিত কওে জানান নিহত শিক্ষক নজিবুর রহমানের লাশ উদ্ধার করা হয়েছে। ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালে প্রেরণের চেষ্টা চলছে।

## বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক

বক্তব্য রাখেন সাবেক প্রতিমন্ত্রী ডা.মোঃ মুরাদ হাসান এমপি। উপজেলা নির্বাহী কর্মকর্তা শারমিন আক্তার এর সভাপতিত্বে অন্যান্নদের মাঝে আরো উপস্থিত ছিলেন, সরিষাবাড়ী উপজেলা সহকারি কমিশনার (ভূমি) মোঃসাদ্দাম হোসেন, সরিষাবাড়ী উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান (মহিলা) মোছাঃ জেলী আক্তার। সরিষাবাড়ী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার নাহিদা পারভীন প্রমুখ। পরে বিজয়ী ও রানার্সআপ দলের মাঝে পুরুস্কার বিতরণ করা হয়।

## কৃষি জমি বিল-২০২২ সংশোধিত

সংযোজিত ও পরিমার্জিত আকারে রিপোর্ট সংসদে উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব, ভূমি মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব, কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব, বিভিন্ন বিভাগ ও সংস্থা প্রধানসহ মন্ত্রণালয় এবং জাতীয় সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারা বৈঠকে উপস্থিত ছিলেন।

## রংপুরে প্রধানমন্ত্রীর জনসভা

মহাব্যবস্থাপক অসীম কুমার তালুকদার বিষয়টি নিশ্চিত করেছেন।
তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার জনসভা উপলক্ষ্যে আটটি বিশেষ ট্রেন চালুর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এগুলো হল, পঞ্চগড় স্পেশাল, ঠাকুরগাঁও স্পেশাল, দিনাজপুর স্পেশাল, বুড়িমারী স্পেশাল, লালমনিরহাট স্পেশাল, উলিপুর স্পেশাল, কুড়িগ্রাম স্পেশাল ও বোনারপাড়া স্পেশাল ট্রেন।
তিনি আরও বলেন, সংশ্লিষ্ট জেলা আওয়ামী লীগের সভাপতি ও সাধারণ সম্পাদকেরা ভাড়া দেওয়া সাপেক্ষে ট্রেনগুলো ব্যবহার করবেন। ট্রেনগুলো দুপুর সোয়া ৯টা থেকে দুপুর ১২টার মধ্যে রংপুরে পৌছাবে।

## বিএনপির একাধিক নেতার সঙ্গে

যান। এ সময় বিএনপি নেতাকে প্রধানমন্ত্রীর পাঠানো এসব উপহার তুলে দেন তিনি। অন্যদিকে রাজধানীর ধোলাইখাল মোড়ে বিএনপির নেতাকর্মীরা পুলিশকে উদ্দেশ্য করে ইট-পাটকেল ছুড়লে পুলিশ তাদের ধাওয়া দেয়। এ সময় বিএনপি নেতা গয়েশ্বর চন্দ্র রায় রাস্তায় পড়ে যান। ঘটনাস্থলে থাকা পুলিশ তাকে উদ্ধার করে গাড়িতে নিয়ে ডিবি কার্যালয়ে নিয়ে আসে। সেখান ডিবি প্রধান তাকে দুপুরের খাবার দিয়ে অ্যাপায়িত করেন। এ দুটি ঘটনাই বিএনপিকে তোলপাড় করে তুলেছে। এ ধরনের ঘটনায় নেতাকর্মীরা হতবাক হয়েছেন এবং প্রশ্ন তুলেছেন যে, বিএনপির আরও অনেক নেতার সঙ্গে হয়তো সরকারের গোপন যোগাযোগ রয়েছে।

## মশক নিধনে ৪২ কোটি টাকা

ও এডিস মশার প্রজননস্থল ধ্বংসে আমরা ওয়ার্ডে ওয়ার্ডে বিশেষ চিরুনি অভিযান পরিচালনা করে চলেছি। কর্পোরেশনের আওতাধীন সব শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ-মন্দির-থানা ও প্রায় সকল গুরুত্বপূর্ণ স্থানে বিশেষ পরিচ্ছন্নতা কার্যক্রম ও চিরুনি অভিযান পরিচালনা করা হয়েছে। ফজলে নূর তাপস বলেন, আমি ঢাকাবাসীকে বিনীতভাবে নিবেদন করছি, কোথাও যদি এডিস মশার লার্ভা থাকে কিংবা পানি জমে থাকায় লার্ভা সৃষ্টির আশঙ্কা দেখা দেয়, দয়া করে আমাদের নিয়ন্ত্রণ কক্ষের ফোন নম্বর যায় ০১৭০৯৯০০৮৮৮ এ কল দিয়ে এডিস মশার প্রজননস্থল বা লার্ভা সম্পর্কিত তথ্য দিন। অথবা আমাদের ফেসবুক পেজের মেসেঞ্জারেও বার্তা দিতে পারেন। আপনার তথ্যের ভিত্তিতে ১৫ মিনিটের মধ্যে আমাদের মশককর্মী উল্লিখিত স্থানে পৌঁছে যাবে এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেবে।

## মোংলা বন্দরে যুক্ত হচ্ছে আধুনিক

জাহাজ থেকে নদীর তীরে আনা নেওয়া আরও সহজ হবে। এ ছাড়া জাহাজটির মাধ্যমে প্রয়োজনে বন্দরের নিরাপত্তার জন্য টহল জোরদার করা যাবে। এ বছরের শেষের দিকে বন্দরে যুক্ত হতে যাওয়া টাগবোট দুটি কেনা হয়েছে ২৩৩ কোটি ৩৮ লাখ টাকায়। টাগবোট দুটি আসার পর বন্দরে অবস্থানরত জাহাজ মুরিং (ভেড়াতে এবং ঘোরাতে) করা সহজ হবে। এ ছাড়া এ বোটের মাধ্যমে মাদার ভ্যাসেলকে (বিদেশি জাহাজ) প্রপেলার বন্ধ অবস্থায় টেনে আনা এবং দুর্ঘটনা কবলিত জাহাজ টেনে নেওয়া ও অন্যান্য জাহাজের সাহায্যকারী হিসেবে কাজ করবে।


### গোল্ডেন লাইফ ইনসিওরেন্স লিমিটেড

প্রধান কার্যালয়ঃ এমবন কমপ্লেক্স (৩য় তলা), ৯৯ মহাখালী বা/এ , ঢাকা-১২১২।

**দরপত্র বিজ্ঞপ্তি**

গোল্ডেন লাইফ ইনসিওরেন্স লিমিটেডের নিম্ন বর্ণিত গাড়ী টি যেখানে যে অবস্থায় আছে সেই ভিত্তিতে বিক্রয়ের জন্য আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান থেকে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| গাড়ীর মডেল | গাড়ীর ধরন | গাড়ীর অবস্থান | গাড়ীর নাম্বার (ঢাকা মেট্রো) | জ্বালানীর ধরন | গাড়ীর সিসি |
|---|---|---|---|---|---|
| ২০০৬ | রেক্সটন | প্রধান কার্যালয়,ঢাকা | ঘ-১১-৮২৬৯ | তেল চালিত | ৩১৯৯ |

উপরোক্ত গাড়ীটি ০১/০৮/২০২৩ ইং তারিখ হতে ০৩/০৮/২০২৩ ইং তারিখ (সকাল- ১১ টা হতে বিকাল-৪ টা ) পর্যন্ত গাড়ী অবস্থানের উল্লেখিত স্থানে পরিদর্শন করা যাবে। আগ্রহী দরদাতাগনকে আগামী ০৬/০৮/২০২৩ ইং তারিখের মধ্যে দরপত্র কোম্পানীর প্রধান কার্যালয়ে রক্ষিত টেন্ডার বক্সে জমা করতে পারবেন এবং ০৭/০৮/২০২৩ ইং তারিখ বিকাল ৪:০০ ঘটিকায় দরদাতাদের (যদি কেহ উপস্থিত থাকেন) উপস্থিতিতে টেন্ডার বক্স খোলা হবে। সকল দরদাতাকে গাড়ীর প্রস্তাবিত দরের বিপরীতে ১০% আর্নেষ্ট মানি গোল্ডেন লাইফ ইনসিওরেন্স লিমিটেডের অনুকুলে পে-অর্ডার/ডিডির মাধ্যমে জমা দিতে হবে। যদি কোন দরদাতা গাড়ীর সর্বোচ্চ দরদাতা হয় কিন্তু কোন নিদিষ্ট গাড়ী গ্রহণে অনাগ্রহ প্রকাশ করেন অথবা নির্ধারিত সময়ের মধ্যে গাড়ী নিতে ব্যর্থ হন অথবা গাড়ী গ্রহণে অস্বীকৃতি জানান তা হলে আর্নেষ্ট মানি বাজেয়াপ্ত করা হবে। কোন প্রকার কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন/ বাতিল করার ক্ষমতা গোল্ডেন লাইফ ইনসিওরেন্স লিমিটেড কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মুখ্য নির্বাহী কর্মকর্তা

# মেহেরপুরে হেরোইনসহ নারী মাদক বিক্রেতা আটক



**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুর সদর উপজেলার বারাদিতে সাড়ে ৫ গ্রাম হেরোইনসহ রেনু খাতুন নামের এক মাদক বিক্রেতাকে আটক করেছে বারাদি ক্যাম্প পুলিশের একটি দল। সোমবার সকাল ৮ টার সময় বারাদী বাজারে গোপন সংবাদে পুলিশ অভিযান চালিয়ে রেনুকে আটক করেন। পরে তার শরীরের গোপন অঙ্গের ভিতর থেকে হেরোইন উদ্ধার করা হয়। মাদক ব্যবসায়ী রেনু খাতুন মেহেরপুর স্টেডিয়াম পাড়ার সাহারুল ইসলাম ওরফে মাইকেলের স্ত্রী। বারাদী পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই মফিজুল ইসলাম বলেন, গোপন সংবাদের ভিত্তিতে বারাদী বাজারে অভিযান চালিয়ে রেনুকে আটক করা হয়। পর তার যৌনাঙ্গের ভিতর থেকে হেরোইন জব্দ করা হয়। তিনি বলেন, রেনুর বিরুদ্ধে হেরোইন, ফেনসিডিল ও গাঁজা বিক্রির অভিযোগে আদালতে ৬টি মামলা চলমান রয়েছে। হেরোইন উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মেহেরপুর সদর থানায় একটি মামলা হয়েছে। যার মামলা নং ৪৯, তারিখ ৩১/০৭/২৩ ইং। আটককৃত আসামি রেনু খাতুনকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।




# মেহেরপুরে মাধ্যমিক বিদ্যালয় জাতীয়করণের দাবিতে মানববন্ধন

**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুরে এমপিও ভুক্ত মাধ্যমিক বিদ্যালয় জাতীয়করণের দাবিতে মানববন্ধন করেছে শিক্ষক ও শিক্ষার্থীরা। সোমবার সকাল ১১টার দিকে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কে বারাদি বাজারে মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়, মোমিনপুর বালিকা বিদ্যালয় ও বর্শিবাড়িয়া মাধ্যমিক বিদ্যালের শিক্ষক ও শিক্ষার্থীরা মাধ্যমিক শিক্ষা জাতীয়করণের দাবিতে এ মানববন্ধনে অংশগ্রহণ করেন। মানববন্ধনে নেতৃত্ব দেন মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মেহেদী রেজা। মানববন্ধনে শিক্ষকরা তাদের বক্তব্য বলেন, একই কারিকুলামের অধীন একই সিলেবাস, একই একাডেমিক সময়সূচি, একইভাবে প্রশ্নপত্র প্রণয়ন ও উত্তরপত্র মূল্যায়নের কাজে নিয়োজিত থেকেও আর্থিক সুবিধার ক্ষেত্রে সরকারি ও বেসরকারি শিক্ষক-কর্মচারীদের মধ্যে বৈষম্য রয়েছে। এবার দাবি আদায় না করে আমরা ফিরব না। মানববন্ধনে বিদ্যালয়ের সকল শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবক বৃন্দ উপস্থিত ছিলেন।

# গাংনীতে মহিলা আওয়ামী লীগের উঠান বৈঠক



**গাংনী প্রতিনিধিঃ** সরকারের সাফল্য ও জননেত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারা জনগণের কাছে পৌঁছে দিতে মেহেরপুরের গাংনী উপজেলা মহিলা আওয়ামী লীগের উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকালে বামন্দী ঈদগাহ ময়দান মাঠে এ বৈঠকের আয়োজন করা হয়। গাংনী শ্রমিক লীগের সাধারণ সম্পাদক আবুল বাশারের সভাপতিত্ব প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ৭৪ মেহেরপুর-০২ (গাংনী) সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের পত্নী ও গাংনী উপজেলা মহিলা আওয়ামী লীগের আহ্বায়ক লাইলা আরজুমান বানু শিলা। এসময় গাংনী উপজেলা ছাত্রলীগের সহ-সভাপতি আশিকুজ্জামান সবুজ, বামন্দী ০২নং ওয়ার্ড ইউনিয়ানের সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম প্রমূখ উপস্থিত ছিলেন। প্রধান অতিথির বক্তব্য লাইলা আরজুমান বানু শিলা বলেন, প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা বাংলাদেশকে উন্নত সমৃদ্ধ ও স্মার্ট বাংলাদেশ গড়ছেন এবং এই গাংনীর সকল উন্নয়ন করছেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে মেহেরপুরের গাংনীর উন্নয়নের কাজ করছেন ৭৪ মেহেরপুর-০২ (গাংনী) আসন সংসদ মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এমপি। তিনি আরও বলেন আপনারা উন্নয়নের এই ধারাকে অব্যাহত রাখতে আবারও নৌকা মার্কায় ভোট দিয়ে শেখ হাসিনাকে আবারও ক্ষমতায় আনতে হবে।




# গাংনীতে ১৫ আগস্ট শোক দিবস উপলক্ষ্যে মতবিনিময় ও প্রস্তুতি সভা

**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুরের গাংনীতে ১৫ আগস্ট শোক দিবস উপলক্ষ্যে মতবিনিময় ও প্রস্তিত সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার বিকালে উপজেলা অডিটোরিয়ামে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। গাংনী উপজেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলামের সভাপতিত্বে ও পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলামের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি মেহেরপুর-০২ (গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। এসময় বক্তব্য রাখেন,গাংনী পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন বাবলু, সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, বামন্দী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও বামন্দী ইউপি চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি দেলোয়ার হোসেন মিঠু, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মুন্তাসির জামান মৃদুল, সাবেক ছাত্রনেতা শাহিদুজ্জামান শিপু। এসময় ধানখোলা ইউনিয়ান আওয়ামী লীগের সভাপতি আলী আজগর, মটমুড়া ইউনিয়ান আওয়ামী লীগের সভাপতি আবুল হাসেম,রাইপুর ইউনিয়ন আওয়ামী লীগ সভাপতি সামসুজ্জামান মঙ্গল, সাধারণ সম্পাদক মোখলেসুর রহমানসহ আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ স্বেচ্ছাসেবক লীগ ও অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ ছিলেন।

# মেহেরপুরে জামায়াতে ইসলামীর ১২ জন আটক

**মেহেরপুর প্রতিনিধি :** মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে ১২ জামায়াত ইসলামের নেতাকর্মী কর্মীকে গ্রেফতার করেছে। রবিবার বিকালের দিকে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি বাজার এলাকা থেকে তাদেরকে গ্রেফতার করা হয়। গ্রেফতার নুরুল হুদা সদর উপজেলার বন্দর গ্রামের গোলাম মোস্তফার ছেলে, পারভেজ হোসেন মোস্তফা শেখের ছেলে, আসকার আলী আতর আলীর ছেলে, সামাল হোসেন আত্তাব আলীর ছেলে, আশিকুর রহমান ইন্নাত আলীর ছেলে, নিরুল ইসলাম চক শ্যামনগর গ্রামের ওয়াজেদ আলীর ছেলে, শাজাহান আলী ছাকন আলীর ছেলে, পারভেজ মিয়া আরিফুল ইসলামের ছেলে, আব্দুল ওহাব, হামিদুল ইসলামের ছেলে, কালু শেখ রমজানের ছেলে, শারজেন আলী কাতব আলীর ছেলে এবং খবির হাজারী মল্লিকের ছেলে। জানাগেছে গোপন সুত্রে খবর পেয়ে মেহেরপুর সদর থানার এস আই মোমিনুর রহমানের নেতৃত্ব পুলিশের একট দল মেহেরপুর সদর উপজেলার আমঝুপি বাজারের এলাকা থেকে তাদেরকে গ্রেফতার করা হয়। আটক নেতা কর্মীরা নাশকতা সৃষ্টির লক্ষে সমবেত হচ্ছিল বলে পুলিশ জানায়।

# উষ্ণায়নের যুগ পেরিয়ে বিশ্ব এখন রয়েছে ফুটন্ত যুগে

**আন্তর্জাতিক ডেস্ক :** জলবায়ু পরিবর্তনের কারণে বিশ্ব রেকর্ড উষ্ণতম সময় পার করছে। বিজ্ঞানী-রা বলছেন দিন দিন পৃথিবী আরও উত্তপ্ত হয়ে পড়বে। তারা আশঙ্কা করছেন তীব্র গরমের কারণে অনেক মানুষের মৃত্যু হবে। এবং বিশাল অংশ পুড়ে যাবে। ইতোমধ্যে বিশ্বের বিভিন্ন দেশে অগ্নিউৎপাতের কারণে বিশাল ভূমি পড়ে গেছে। সম্প্রতি আলজেরিয়াতে অগ্নিকাণ্ডে বিশাল বণভূমি পুড়ছে। সেনা সদস্যসহ অনেক মানুষ মারা যাচ্ছে। গবেষকেরা বলেছেন, গরমে হিমবাহ গলার হার ব্যাপকহারে বৃদ্ধি পেয়েছে। এতে ডুবে যেতে পারে অনেক দেশ। জাতিসংঘ বলছে যে, উষ্ণায়নের যুগ পেরিয়ে বিশ্ব এখন রয়েছে ফুটন্ত যুগে। বিশ্বজুড়ে চলছে প্রচণ্ড দাবদাহ। বেশিরভাগ দেশেই তাপমাত্রা রেকর্ড ছুয়েছে। এমন অবস্থায় মানুষ হাঁসফাঁস করছে। মানবদেহ কত ডিগ্রি পর্যন্ত তাপমাত্রা সহ্য করতে পারে? মানুষের শরীর কতটুকু তাপ সইতে পারে তা যাচাইয়ে এক গবেষণায় অংশ নেন বিবিসি রেডিওর উপস্থাপক জেমস গালাঘার। সাউথ ওয়েলস বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডেমিয়েন বেইলির নেতৃত্বে এই গবেষণায় অংশ নেওয়ার অভিজ্ঞতা তিনি তুলে ধরেছেন বিবিসির এক প্রতিবেদনে। অধ্যাপক বেইলি তাকে এক পরিবেশগত চেম্বারে নিয়ে যান। এটি সাধারণ কক্ষের আকারে বায়ুরোধী এক বৈজ্ঞানিক ব্যবস্থা যাতে তাপমাত্রা, আর্দ্রতা ও অক্সিজেনের মাত্রা নিয়ন্ত্রণ করা যায়। ২১ ডিগ্রি সেলসিয়াসে তাপমাত্রা একদম ঠিকঠাক মনে হয়। তখনই অধ্যাপক বেইলি 'শরীরের সবকিছু খুলে ফেলার' প্রথম নির্দেশনা দেন। এতে দেখা হবে জেমসের কতটা ঘাম হয় ও তার ওজনের কেমন পরিবর্তন হয়। ৩৫ ডিগ্রি সেলসিয়াসে তাপমাত্রা বৃদ্ধি সাময়িক বন্ধ রেখে কিছু পরীক্ষা করা হয়। তখন জেমসের উষ্ণতা অনুভব হয়। চেয়ারে বসে থাকায় তা অস্বস্তিকর না হলেও এই তাপমাত্রায় কাজ বা কসরত করতে ইচ্ছে করবে না।




# পাকিস্তানে আত্মঘাতী বোমা হামলায় নিহত বেড়ে ৫৪

**আন্তর্জাতিক ডেস্ক :** পাকিস্তানের খাইবার পাখতুনখওয়া প্রদেশে একটি রাজনৈতিক দলের কর্মী সম্মেলনে আত্মঘাতী বোমা হামলায় নিহত বেড়ে ৫৪ জনে দাঁড়িয়েছে বলে কর্তৃপক্ষ জানিয়েছে। গত রোবব-ার প্রদেশটির বাজাউর জেলার আফগানিস্তান সীমান্তবর্তী ছোট শহর খার থেকে ২ কিলোমিটার দূরে শানডি এলাকায় জামিয়ত উলেমা ইসলাম-ফজল (জেইউআই-এফ) এর কর্মী সম্মেলনে হামলার ঘটনাটি ঘটে। পাকিস্তানের ইংরেজি ভাষার দৈনিক ডন জেলা প্রশাসনের বরাত দিয়ে জানিয়েছে, সম্মেলন উপলক্ষে একটি তাঁবুতে জেইউআই-এফের চার শতাধিক সদস্য ও সমর্থক জড়ো হয়েছিল, তার মধ্যেই স্থানীয় সময় বিকালে ৪টার দিকে বিস্ফোরণটি ঘটানো হয়। বিস্ফোরণে ৫৪ জন নিহত ও শতাধিক আহত হওয়ার কথা নিশ্চিত করেছিলেন খাইবার পাখতুনখওয়ার তত্ত্বাবধায়ক সরকারের স্বাস্থ্যমন্ত্রী স্বাস্থ্যমন্ত্রী রিয়াজ আনোয়ার।'এটি আত্মঘাতী বোমা হামলা ছিল। হামলাকারী মঞ্চের খুব কাছে গিয়ে বিস্ফোরণটি ঘটায়," বলেছেন তিনি।বাজাউরের জেলা হাসপাতালের সুপার ডাঃ নাসীব গুল গতকাল সোমবার ডন ডটকমকে জানিয়েছেন, আহত আরও দুইজনের মৃত্যুর পর ওই বিস্ফোরণে মৃতের সংখ্যা ৫৪ জনে দাঁড়িয়েছে। মৃতদের মধ্যে পাঁচটি শিশু আছে বলে নিশ্চিত করেছেন তিনি। শানডির ঘটনাস্থল থেকে আসা ফুটেজে দেখা গেছে, বিস্ফোরণের পর আতঙ্কিত লোকজন ঘটনাস্থলে ভিড় করে আছেন, আহতদের হাসপাতালে নেওয়ার জন্য অ্যাম্বুলেন্স এসেছে। এরপর পুলিশের বড় একটি দল ঘটনাস্থল ঘিরে ফেলে। বাজাউর জেলার জরুরি বিভাগের কর্মকর্তা সাদ খান ডন ডটকমকে জানিয়েছেন, বিস্ফোরণে নিহতদের মধ্যে জেইউআই-এফের খার তেহশীলের আমির মওলানা জিয়াউল্লাহ জানও আছেন। গত রোববার রাতে খাইবার পাখতুনখওয়া পুলিশের মহাপরিচালক আখতার হায়াত খান গণমাধ্যমকে জানান, হামলায় ১০ কেজি বিস্ফোরক ব্যবহার করা হয়েছে। বাজাউরের জেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ ফয়সাল কামাল জানিয়েছেন, বাজাউরের জেলা হাসপাতালে ১৫০ জনেরও বেশি আহতকে নিয়ে আসা হয়েছিল। "৩৫ জনকে টিমারগড় হাসপাতালে পাঠানো হয়েছে আর সঙ্কটজনক অবস্থায় থাকা ১৫ জনকে সেনাবাহিনীর হেলিকপ্টারে করে পেশোয়ারে পাঠানো হয়েছে," বলেছেন তিনি। ঘটনাস্থলে উপস্থিত ডনের প্রতিনিধি জানিয়েছেন, আহতদের মধ্যে স্থানীয় সাংবাদিকরাও আছেন। বাজাউরের হাসপাতালগুলো ও আশপাশের এলাকায় জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত কোনো গোষ্ঠী হামলার দায় স্বীকার করেনি। ঘটনাস্থলে থাকা প্রত্যক্ষদর্শী রহিম শাহ ডন ডটকমকে বলেন, বিস্ফোরণের সময় সম্মেলনে পাঁচ শতাধিক মানুষ উপস্থিত ছিলেন। "আমরা বয়ান শুনছিলাম। হঠাৎ শক্তিশালী বিস্ফোরণের ধাক্কায় আমি অজ্ঞান হয়ে যাই। জ্ঞান ফেরার পর দেখি চারিদিকে রক্ত। লোকজন চিৎকার করছে, এমনকি আমি গুলির শব্দও পেয়েছি।" বিস্ফোরণের ধাক্কায় জেইউআই-এফের সমর্থক সাহেবউল্লাহর (২৪) হাত ভেঙে গেছে; তিনি ঘটনার ভয়াবহতা তুলে ধরে বলেন, "ঘটনাস্থলজুড়ে মৃত মানুষের পাশে মানুষের মাংস, অঙ্গপ্রত্যঙ্গ ও শরীরের বিভিন্ন অংশ ছড়িয়ে ছিটিয়ে রয়েছে, আর কী হল তাই নিয়ে সবাই একেবারে বিভ্রান্ত ছিল।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
(শিক্ষা শাখা)
www.jhenaidah.gov.bd

**নিয়োগ বিজ্ঞপ্তি**

স্মারক নং- ০৫.৪৪.৪৪০০.০২০.০৯.০৩৮.২৩ -২০৭

তারিখ : ১৫ শ্রাবণ ১৪৩০ ব. / ৩০ জুলাই ২০২৩ খ্রি.।

জেলা প্রশাসন, ঝিনাইদহ কর্তৃক পরিচালিত ঝিনাইদহ কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, ঝিনাইদহে নিম্নোক্ত পদে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | বয়স | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা(ন্যুনতম) ও অভিজ্ঞতা | বেতন |
|---|---|---|---|---|---|
| ০১. | উপাধ্যক্ষ (প্রশাসন) | ০১ (এক) জন | ৪০ বছর (অনূর্ধ্ব) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমান। **অথবা** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি /সমমান। সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক)টি'র বেশি তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। ইংরেজি, বিজ্ঞান বিভাগ এবং অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। | বেতন : আলোচনা সাপেক্ষে এছাড়া অন্যান্য সুবিধাদি প্রতিষ্ঠানের প্রচলিত নিয়ম অনুযায়ী প্রাপ্ত হবেন। |
| ০২. | সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান) | ০১ (এক) জন | ৩৫ বছর (অনূর্ধ্ব) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ বিজ্ঞান/রসায়ন বিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ডিগ্রি/সমমান। **অথবা** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ বিজ্ঞান/রসায়ন বিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/সমমান । সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক)টি'র বেশি তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। | গ্রেড-১০ ১৬০০০-৩৮৬৪০/- গ্রেড-১১ ১২৫০০-৩০২৩০/- এছাড়া অন্যান্য সুবিধাদি প্রতিষ্ঠানের প্রচলিত নিয়ম অনুযায়ী প্রাপ্ত হবেন। |
| ০৩. | সহকারী শিক্ষক (ইংরেজি) | ০১ (এক) জন | ৩৫ বছর (অনূর্ধ্ব) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ের ন্যূনতম ৩০০ নম্বরের ইংরেজিসহ স্নাতক ডিগ্রি/সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমান। **অথবা** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ের ন্যূনতম ৩০০ নম্বরের ইংরেজিসহ স্নাতক ডিগ্রি/সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক)টি'র বেশি তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। | গ্রেড-১০ ১৬০০০-৩৮৬৪০/- গ্রেড-১১ ১২৫০০-৩০২৩০/- এছাড়া অন্যান্য সুবিধাদি প্রতিষ্ঠানের প্রচলিত নিয়ম অনুযায়ী প্রাপ্ত হবেন। |
| ০৪. | সহকারী শিক্ষক (বাংলা) | ০১ (এক) জন | ৩৫ বছর (অনূর্ধ্ব) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ের ন্যূনতম ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রি/সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমান। **অথবা** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ের ন্যূনতম ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রি/সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক)টি'র বেশি তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। | গ্রেড-১০ ১৬০০০-৩৮৬৪০/- গ্রেড-১১ ১২৫০০-৩০২৩০/- এছাড়া অন্যান্য সুবিধাদি প্রতিষ্ঠানের প্রচলিত নিয়ম অনুযায়ী প্রাপ্ত হবেন। |
| ০৫. | সহকারী শিক্ষক (চারু ও কারুকলা) | ০১ (এক) জন | ৩৫ বছর (অনূর্ধ্ব) | (১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে চারুকলায় স্নাতক ডিগ্রি ও বিএড ডিগ্রি/সমমান। **অথবা** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান ও বিএড ডিগ্রিসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০১ বছর মেয়াদি অ্যাডভান্সড সার্টিফিকেট ইন ফাইন আর্টস (২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে চারুকলায় স্নাতক ডিগ্রি। **অথবা** স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে চারুকলায় স্নাতক ডিগ্রি /সমমানসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০১ বছর মেয়াদি অ্যাডভান্সড সার্টিফিকেট ইন ফাইন আর্টস। সমগ্র শিক্ষা জীবনে ০১ (এক)টি'র বেশি তৃতীয় বিভাগ/শ্রেণি/সমমান গ্রহণযোগ্য হবে না। | গ্রেড-১০ ১৬০০০-৩৮৬৪০/- গ্রেড-১১ ১২৫০০-৩০২৩০/- এছাড়া অন্যান্য সুবিধাদি প্রতিষ্ঠানের প্রচলিত নিয়ম অনুযায়ী প্রাপ্ত হবেন। |
| ০৬. | সহকারী শিক্ষক (নৃত্য) | ০১ (এক) জন | ৩৫ বছর (অনূর্ধ্ব) | ন্যূনতম স্নাতক পাশ হতে হবে এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমি/বাংলাদেশ শিশু একাডেমি অথবা সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ থাকতে হবে। অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। | বেতন : আলোচনা সাপেক্ষে এছাড়া অন্যান্য সুবিধাদি প্রতিষ্ঠানের প্রচলিত নিয়ম অনুযায়ী প্রাপ্ত হবেন। |

- আগ্রহী প্রার্থীদেরকে জেলা প্রশাসক ও সভাপতি, ঝিনাইদহ কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, ঝিনাইদহ শিরোনামে সোনালী ব্যাংক, ঝিনাইদহ শাখার অনুকূলে ৫০০/-(পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (অফেরৎযোগ্য) আবেদনের সাথে জমা দিতে হবে।
- প্রার্থীর জীবনবৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি, অভিজ্ঞতার সনদ (যদি থাকে), জাতীয় পরিচয়পত্র ও সম্প্রতি তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবিসহ আগামী ১৭ -০৮-২০২৩ খ্রি. তারিখের মধ্যে জেলা প্রশাসক ও সভাপতি, ঝিনাইদহ কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, ঝিনাইদহ বরাবর লিখিত আবেদন জেলা প্রশাসকের কার্যালয়ে সরাসরি/ডাকযোগে পাঠাতে হবে।
- খামের উপর অবশ্যই পদের নাম ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ মোবাইলের মাধ্যমে জানানো হবে।
- নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। যে কোন ধরণের তদবির/ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

৩০/৭/২৩
এস.এম. রফিকুল ইসলাম
জেলা প্রশাসক
ঝিনাইদহ।
ও
সভাপতি
ঝিনাইদহ কালেক্টরেট স্কুল এন্ড কলেজ
☎ ০২৪৭৭৭-৪৬৮৮৮
e-mail: dcjhenaidah@mopa.gov.bd



## পূনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

সরকারি বিধি মোতাবেক বিদ্যাধরপুর মাধ্যমিক বিদ্যালয়, ডাক-বিদ্যাধরপুর, উপজেলা-মহেশপুর, জেলা- ঝিনাইদহ'র শুন্যপদে ১জন সহকারী প্রধান শিক্ষক, সৃষ্ঠ পদে ১জন অফিস সহায়ক, ১জন পরিচ্ছন্নতা কর্মি ও ১জন আয়া নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীগণ আগামী ২৩/০৮/২০২৩ খ্রিঃ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে সহকারী প্রধান শিক্ষক পদের জন্য ২০০০/= অন্য পদের জন্য ১০০০/= টাকার পোস্টাল অর্ডার (অফেরৎ যোগ্য) এবং প্রয়োজনীয় কাগজপত্র সহ প্রধান শিক্ষক বরাবর আবেদন করতে হবে। বিঃ দ্রঃ যাদের পূর্বে আবেদন করা আছে তাদের পূনরায় আবেদন করার প্রয়োজন নাই।

**প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)**
**বিদ্যাধরপুর মাধ্যমিক বিদ্যালয়**
**মহেশপুর, ঝিনাইদহ।**


# রুশ নৌবহরে যুক্ত হচ্ছে আরও ৩০টি যুদ্ধজাহাজ

**আন্তর্জাতিক ডেস্ক :** রাশিয়ার নৌ-দিবস উপলক্ষে আয়োজিত কুচকাওয়াজে রুশ নৌবহরে আরও ৩০ যুদ্ধজাহাজ যুক্ত করার ঘোষণা দিলেন প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। গত রোববার রাশিয়ার নৌ-দিবস উপলক্ষে আয়োজিত কুচকাওয়াজে অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। পশ্চিমা শক্তির সঙ্গে তাল মিলিয়ে ক্রমাগত নিজেদের যুদ্ধজাহাজ বাড়াচ্ছে রাশিয়া। এ বছরেই রুশ নৌবাহিনী আরও ৩০টি যুদ্ধজাহাজ পাচ্ছে বলে জানালেন প্রেসিডেন্ট পুতিন। পুতিন বলেন, আজ রাশিয়া আত্মবিশ্বাসের সঙ্গে ক্রমাগতভাবে তার নৌবাহি-নীর শক্তি বাড়াচ্ছে। এ বছরই কয়েক ধরনের ৩০টি যুদ্ধজাহাজ রুশ নৌবহরে যুক্ত হচ্ছে। ২০২২ সালের ২৪ ফেব্রুয়ারি পুতিনের নির্দেশে ইউক্রেনে সর্বাত্মক হামলা শুরুর পর কৃষ্ণসাগর ও আজভ সাগরে একাধিক রুশ জাহাজ ধ্বংসের খবর পাওয়া যায়। এর মধ্যে অন্যতম রুশ নৌবাহিনীর ফ্ল্যাগশিপ জাহাজ মস্কোভা। গত বছর ইউক্রেনের ক্ষেপণাস্ত্র হামলায় বিধ্বস্ত হওয়ার পরে একপর্যায়ে ডুবে যায় এটি।